# মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ই জুন, ১৯৯১/২৮ জ্যৈষ্ঠ, ১৩৯৮ বাং

এসআরও নং ১৭৮-আইন/৯১/৩-মূসক।— [১][মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন)] এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

**১। সংক্ষিপ্ত শিরোনামা।**— এই বিধিমালা **মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১** নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**— [২][(১)] বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

[৩][(ক) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);]

[৪][(কক) **"ইউটিলাইজেশন পারমিশন ও ইউটিলাইজেশন ডিক্লারেশন"** অর্থ সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি) বিধিমালা, ১৯৯৩ এ বর্ণিত ইউটিলাইজেশন পারমিশন ও ইউটিলাইজেশন ডিক্লারেশন;]

[৫][(খ) **"কর"** অর্থ, ধারা ২ এর দফা (ঘঘ) তে সংজ্ঞায়িত কর;]

[৬][(খখ) **"চুক্তিভিত্তিক উৎপাদক"** অর্থ ব্র্যান্ডযুক্ত পণ্যের স্বত্বাধিকারী কর্তৃক সরবরাহকৃত উপকরণ অথবা নিজস্ব উপকরণ ব্যবহার করিয়া পণ্যের বিনিময়ে চুক্তিভিত্তিতে পণ্য উৎপাদনকারী;

(খখখ) **"ধারা"** অর্থ আইনের ধারা;]

(গ) **"নিবন্ধনপত্র"** অর্থ বিভাগীয় কর্মকর্তা কর্তৃক [৭][আইনের] ধারা ১৫ এর আওতায় নিবন্ধিত ব্যক্তিকে প্রদত্ত নিবন্ধনপত্র;

(ঘ) **"নিবন্ধিত ব্যক্তি"** অর্থ [৮][আইনের] ধারা ১৫ এর আওতায় নিবন্ধিত ব্যক্তি;

[৯][(ঘঘ)) বিলুপ্ত]

(ঙ) **"প্রতিষ্ঠিত রপ্তনিকারক"** অর্থ এমন কোনো রপ্তানিকরক যাহাকে, তাহার বিগত বারো মাস সময়ে রপ্তানির ও [১০][রপ্তানি প্রত্যর্পণ] গ্রহণের উল্লেখযোগ্য রেকর্ডের ভিত্তিতে প্রতিষ্ঠিত রপ্তানিকারক হিসেবে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর কর্তৃক স্বীকৃতি প্রদান করা হইয়াছে;

[১] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[২] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৩] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৪] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[৫] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[৬] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৭] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৮] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৯] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[১০] মূসক এসআরও নং-৩৪০, তারিখ: ০৬/০৬/২০০২

[১][(ঙঙ) **"পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠান"** (Backward Linkage Industry) অর্থ এমন কোনো শিল্প প্রতিষ্ঠান যে শিল্প প্রতিষ্ঠান অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র কিংবা অভ্যন্তরীণ ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে এমন কোনো নিবন্ধিত ব্যক্তির নিকট পণ্য সরবরাহ বা সেবা প্রদান করে যিনি বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোনো প্রকৃত রপ্তানিকারকের নিকট পণ্য সরবরাহ বা সেবা প্রদানের জন্য অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রে আবদ্ধ;]

[২][(ঙঙঙ) **"প্রকৃত রপ্তানিকারক বা রপ্তানিকারক"** অর্থ এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি তাঁর উৎপাদিত পণ্য বা সেবা অথবা অন্যবিধভাবে সংগৃহীত পণ্য বা সেবা সরকার কর্তৃক, সময়ে সময়ে, জারিকৃত রপ্তানি নীতি আদেশে বর্ণিত শর্তাবলি এবং বাংলাদেশে ব্যাংক কর্তৃক, সময়ে সময়ে, জারিকৃত বৈদেশিক মুদ্রা সংক্রান্ত বিধি-বিধান পালন করিয়া সরাসরি রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অথবা বাংলাদেশের বাহিরে রপ্তানি করেন;

(ঙঙঙঙ) **"প্রচ্ছন্ন রপ্তানিকারক"** অর্থ এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র, অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পণ্য সরবরাহ অথবা সেবা প্রদান করেন;]

(চ) [৩][**"ফরম"**] অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যেকোনো [৪][ফরম];

[৫][(চচ) **"বন্ডেড ওয়্যারহাউস"** এবং **"স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস"** অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর Chapter XI এ বর্ণিত, যথাক্রমে, bonded warehouse এবং special bonded warehouse;]

[৬][(ছ) **"বিভাগীয় কর্মকর্তা"** অর্থ আইনের ধারা ২ এর [৭][দফা (থথথথথ)] তে সংজ্ঞায়িত বিভাগীয় কর্মকর্তা;]

(জ) **"বিল অব এন্ট্রি"** অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 79 এর অধীনে দাখিলকৃত বিল অব এন্ট্রি;

(ঝ) **"বিল অব এক্সপোর্ট"** অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 131 এর অধীন দাখিলকৃত বিল অব এক্সপোর্ট;

[৮][(ঝঝ) **"স্বত্বাধিকারী"** অর্থ চুক্তিভিত্তিতে উৎপাদিত পণ্যের মালিক;]

(ঞ) [৯][**"রাজস্ব কর্মকর্তা"**] অর্থ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের বা

[১] মূসক এসআরও নং-১২৭, তারিখ: ১৫/০৭/১৯৯৬
[২] মূসক এসআরও নং-৪৮৮, তারিখ: ২৬/০৬/২০০৮
[৩] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৪] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৫] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৬] মূসক এসআরও নং-৪৫৮, তারিখ: ০৮/০৬/২০০৬
[৭] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৮] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৯] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০

সার্কেলের [১][বা মূল্য সংযোজন কর [২][বৃহৎ করদাতা ইউনিটের]] দায়িত্বে নিয়োজিত [৩][রাজস্ব কর্মকর্তা।]

[৪][(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা বক্তব্যের (expression) সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা বক্তব্য আইন এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে [৫][ ।]]

[৬]**৩। [৭][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্যের জন্য মূল্য ঘোষণা।—** আইন এর ধারা ৫ ও ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে করযোগ্য পণ্য সরবরাহের পূর্বে নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক উৎপাদিত বা সরবরাহযোগ্য পণ্যের ওপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্যের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ (input-output co-efficient) সহ মূল্যভিত্তি সম্পর্কিত একটি ঘোষণা ফরম “মূসক-১” দুই প্রস্তে সংশ্লিষ্ট এলকার বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন এবং উক্তরূপ দাখিলকৃত ঘোষণার ভিত্তিতেই, ঘোষণা দাখিলের তারিখ হইতে, নিবন্ধিত ব্যক্তি তাহার সরবরাহযোগ্য পণ্যের ওপর প্রদেয় কর নির্ধারণ ও পরিশোধপূর্বক পণ্য সরবরাহ করিতে পারিবেন] [৮][;

তবে শর্ত থাকে যে, ব্যবসায়ী বা বাণিজ্যিক আমদানিকারককে ফরম “মূসক-১খ” অনুযায়ী এই উপ-বিধিতে বর্ণিত পদ্ধতিতে মূল্যভিত্তি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে।

[৯][(১ক) করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানে নিয়োজিত কোনো নিবন্ধিত ব্যক্তি স্থানীয়ভাবে পণ্য সরবরাহ বা সেবা প্রদানের পাশাপাশি অব্যাহতিপ্রাপ্ত অথবা বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোনো পণ্য বা সেবা সরবরাহ বা রপ্তানি করিলে যদি তা ইতিপূর্বে ঘোষিত বা অনুমোদিত মূল্য বা সহগের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয়, তবে উক্তরূপ সরবরাহ বা রপ্তানির পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফরম “মূসক-১গ” এ উপকরণ মূল্য এবং উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ (input-output co-efficient) সম্পর্কিত একটি ঘোষণাপত্র সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে এবং বিভাগীয় কর্মকর্তা উক্ত ঘোষণাপত্র যাচাই-বাছাই করিয়া উহার ওপর, ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে, প্রয়োজনে সংশোধনপূর্বক, সিদ্ধান্ত প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত ঘোষণায় কোনো পরিবর্তন বা সংশোধনী আনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিতে হইবে [১০][:

আরও শর্ত থাকে যে, এই বিধান শতভাগ রপ্তানিকারক বা শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।]]

(১খ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে পণ্যের উৎপাদক পণ্যের স্বত্বাধিকারীর নিকট হইতে প্রতি পণ্যের জন্য যে পণ বা মূল্য গ্রহণ করিবেন তাহার ভিত্তিতে সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট ফরম “মূসক-১” এ মূল্য ঘোষণা দাখিল করিবেন।

(১গ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে পণ্যের স্বত্বাধিকারী উৎপাদনকারী হিসেবে বিবেচিত হইবেন এবং উপ-বিধি (১) অনুযায়ী “মূসক-১” এ মূল্য ঘোষণা দাখিল করিবেন।]

[১][(১ঘ) আইনের ধারা ৫ এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো প্রস্তুতকারক বা উৎপাদক তৎকর্তৃক উৎপাদিত পণ্যের মোড়কে সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে খুচরা বিক্রয় মূল্য মুদ্রিত থাকিলে, স্বেচ্ছায় ফরম “মূসক-১ঘ” তে বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে ঘোষণা দাখিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে উৎপাদন পর্যায়ের মূসক আরোপযোগ্য মূল্য খুচরা বিক্রয় মূল্যের দুই-তৃতীয়াংশের কম হইতে পারিবে না।

(১ঙ) কোনো পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক উপ-বিধি (১ঘ) এর বিধান অনুযায়ী বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে খুচরা বিক্রয় মূল্য সংবলিত পণ্যের মোড়কসহ ফরম ‘মূসক-১ঘ’ তে ঘোষণা প্রদান করিলে, উক্ত কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে, উক্তরূপ ঘোষণা প্রদানের তারিখ হইতে উহা কার্যকর হইবে।]

[২][(২) উপ-বিধি (১) অনুযায়ী ঘোষিত মূল্যভিত্তির কোনো পরিবর্তন সাধনের প্রয়োজন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর করিবার সাত কার্যদিবস পূর্বে নিবন্ধিত ব্যক্তি ফরম [৩][“মূসক-১” বা, ক্ষেত্রমত, “মূসক-১খ”] এ মূল্যভিত্তির একটি নতুন ঘোষণা বা পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী, যাচাই প্রযোজ্য হউক না কেন, বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন এবং নতুনভাবে বা সংশোধিত ঘোষিত মূল্যভিত্তি অনুযায়ী প্রদেয় কর নিরূপণ ও পরিশোধ করিবেন। বিভাগীয় কর্মকর্তা ঘোষিত মূল্য সম্পর্কিত তথ্যাদি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সার্কেল [৪][রাজস্ব কর্মকর্তা] এবং কমিশনারের দপ্তরের কম্পিউটার সেলকে অবহিত করিবেন।

[৫][(২ক) উপ-বিধি (১ক) অনুযায়ী দাখিলকৃত ঘোষণাপত্রের কোনো পরিবর্তন সাধনের প্রয়োজন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর করিবার সাত কার্যদিবস পূর্বে অব্যাহতিপ্রাপ্ত অথবা বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যের উৎপাদক ফরম “মূসক-১গ” তে একটি নূতন ঘোষণা বা পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী, যাচাই প্রযোজ্য হউক না কেন, বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন এবং বিভাগীয় কর্মকর্তা উক্তরূপ নূতন ঘোষণা বা, ক্ষেত্রমত, পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী যাচাই-বাছাই করিয়া প্রাপ্ত ঘোষণা, প্রয়োজনে সংশোধনপূর্বক, অনুমোদন করিবেন:

তবে শর্ত থাকে যে, নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত ঘোষণায় কোনো পরিবর্তন বা সংশোধনী আনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিতে হইবে।]

---

[১] মূসক এসআরও নং-৪৪১, তারিখ: ০৯/০৬/২০০৫
[২] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৩] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৪] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৫] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৬] মূসক এসআরও নং-৯০, তারিখ: ০৯/০৬/১৯৯৪
[৭] মূসক এসআরও নং-৩০৬, তারিখ: ০৭/০৬/২০০১
[৮] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[৯] মূসক এসআরও নং-৫২৭, তারিখ: ৩০/০৬/২০০৯
[১০] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০

---

[১] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[২] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৩] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[৪] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৫] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯

[1][(২খ) ক্রেতার নিকট হইতে প্রাপ্য পণের পরিবর্তন না ঘটিলে এবং মূল্য সংযোজন পরিবর্তনের হার পাঁচ শতাংশের কম হইলে, উপ-বিধি (২) এবং (২ক) এর বিধান অনুযায়ী ঘোষণা প্রদানের প্রয়োজন হইবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধানের কারণে উপ-বিধি (৩) এ বর্ণিত তদন্ত বা জরিপ সংক্রান্ত কার্যক্রমের এখতিয়ার ক্ষুণ্ন হইবে না।]

(৩) উপ-বিধি (১) বা (২) [2][বা বিধি ৩খ] অনুযায়ী ঘোষিত মূল্যভিত্তির বিষয়ে পরবর্তী সময়ে বিভাগীয় কর্মকর্তা, সার্কেল [3][রাজস্ব কর্মকর্তা], অথবা কমিশনারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ক্ষমতাপ্রাপ্ত অন্যকোনো মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক এতদুদ্দেশ্যে পরিচালিত তদন্তে বা বাজার জরিপে [4][অথবা সার্কেল, বিভাগ বা কমিশনারের দপ্তরে রক্ষিত অভিন্ন বা অনুরূপ বা সমজাতীয় পণ্যের মূল্য সংযোজনের পরিমাণ ও বিভাজন, প্রতিষ্ঠানের প্রকৃত ব্যয়, ঘোষিত মূল্য, অনুমোদিত মূল্য বা বাজার মূল্য সংক্রান্ত তথ্য উপাত্তের ভিত্তিতে পরিচালিত তদন্তে বা জরিপে] প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যদি প্রতীয়মান হয় যে,

(ক) পণ্যের ঘোষিত মূল্যভিত্তি আইনের ধারা ৫ এর সহিত অসঙ্গতিপূর্ণ, বা
(খ) একই অধিক্ষেত্র বা অন্যকোনো অধিক্ষেত্রের অনুরূপ প্রকৃতি ও গুণগতমানের পণ্যের মূল্যভিত্তির তুলনায় ঘোষিত মূল্যভিত্তি উল্লেখযোগ্য পরিমাণে কম, বা
(গ) ফরম [5][“মূসক-১” বা, ক্ষেত্রমত, “মূসক-১খ”] এ প্রদর্শিত মূল্য সংযোজনের পরিমাণ উল্লেখযোগ্যভাবে কম, বা
(ঘ) পণ্যের সরবরাহকারী ও সরবরাহ গ্রহীতার মধ্যে বিদ্যমান কোনো সম্পর্কের কারণে বা তাহাদের পারস্পরিক বা যেকোনো এক পক্ষের আর্থিক সুবিধা লাভের উদ্দেশ্যে ঘোষিত মূল্যভিত্তি উল্লেখযোগ্যভাবে কম,

এবং সেই কারণে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক কম পরিশোধিত হইয়াছে বা হইতে পারে, তাহা হইলে বিভাগীয় কর্মকর্তা, নিবন্ধিত ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করার পর, উক্তরূপে সংগৃহীত বা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যুক্তিসঙ্গত মূল্যভিত্তি নির্ধারণ করিতে পারিবেন এবং ঘোষণার তারিখ হইতে উক্ত মূল্যভিত্তি অনুযায়ী সংশ্লিষ্ট সকল কর মেয়াদে প্রদেয় কর নিরূপণ ও পরিশোধযোগ্য হইবে।

**ব্যাখ্যা।—** এই উপ-বিধির অধীনে বিভাগীয় কর্মকর্তা কর্তৃক মূল্যভিত্তি ও কর নির্ধারণের কারণে, আইন বা এই বিধিমালার অধীনে সংঘটিত কোনো অপরাধের দণ্ড সম্পর্কিত বিধানের কার্যকারিতা ক্ষুণ্ন হইবে না] [6][:

তবে শর্ত থাকে যে, বিভাগীয় কর্মকর্তা মূল্য ঘোষণা প্রাপ্তির [7][পনের] কার্যদিবসের মধ্যে মধ্যে উল্লিখিত কার্যক্রম সম্পন্ন করিতে ব্যর্থ হইলে ঘোষিত মূল্য বিষয়ে তাহার কোনো আপত্তি নাই বলিয়া গণ্য হইবে।]

[8][(৪), (৫) বিলুপ্ত]

[1] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[2] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[3] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[4] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ১০/০৬/২০০৪
[5] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[6] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[7] মূসক এসআরও নং-৩০৬, তারিখ: ০৭/০৬/২০০১
[8] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫

(৬) ধারা ৫ এর উপ-ধারা (৫) অনুযায়ী বাণিজ্য বাটা প্রদানের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তিকে আসল এবং বাণিজ্য বাটা প্রদানের পর যে মূল্যে পণ্য সরবরাহ হইবে সেই মূল্য এবং যে মেয়াদের জন্য বাণিজ্য বাটা কার্যকর হইবে সেই মেয়াদ উল্লেখ পূর্বক একটি জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রচার ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিতে হইবে এবং বাণিজ্য বাটার পরিমাণ প্রকৃত মূল্যের পনের শতাংশের অধিক হইতে পারিবে না এবং যেকোনো বার মাস সময়ে সর্বোচ্চ তিরিশ দিনের জন্য বাণিজ্য বাটা প্রদান করা যাইবে।

(৭) উপ-বিধি (১) হইতে (৬) এ যাহাই থাকুক না কেন, [1][কমিশনার] নিবন্ধিত ব্যক্তির আবেদনক্রমে বা স্বতঃপ্রবৃত্ত হইয়া [2][বা বিভাগীয় কর্মকর্তার অনুরোধক্রমে] পণ্যের বাজারমূল্য উঠা-নামার কারণে বা তাঁহার বিবেচনায় অন্যকোনো বিশেষ কারণে কোনো পণ্য বা পণ্যশ্রেণির ক্ষেত্রে কর নিরূপণের জন্য মূল্যভিত্তি স্থির করিতে পারিবেন [3][:

[4][তবে শর্ত থাকে যে, বিভাগীয় কর্মকর্তা ঘোষিত মূল্য অপেক্ষা উচ্চতর মূল্যভিত্তি নিরূপণ করিলে সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি উক্তরূপ উচ্চতর মূল্য নিরূপণের তারিখ হইতে ত্রিশ কার্যদিবসের মধ্যে উক্ত নিরূপিত মূল্যভিত্তি পুনর্বিবেচনার নিমিত্ত কমিশনারের নিকট আবেদন দাখিল করিতে পারিবেন এবং আবেদন প্রাপ্তির তারিখ হইতে পনের কার্যদিবসের মধ্যে কমিশনার উক্ত আবেদনের ওপর সিদ্ধান্ত প্রদান করিতে ব্যর্থ হইলে তিনি আবেদনটি মঞ্জুর করিয়াছেন বলিয়া গণ্য হইবে:]

আরও শর্ত থাকে যে, স্বতঃপ্রবৃত্ত হইয়া বা বিভাগীয় কর্মকর্তার অনুরোধক্রমে মূল্যভিত্তি স্থির করার ক্ষেত্রে, কমিশনার কোনো পণ্য বা পণ্যশ্রেণির মূল্য বিষয়ে সুপারিশ প্রদানের জন্য, বোর্ড কর্তৃক আদেশ দ্বারা গঠিত, মূল্যভিত্তি পর্যালোচনা কমিটিকে অনুরোধ করিতে পারিবেন।]

(৮) সরবরাহযোগ্য পণ্যের ঘোষিত মূল্য তালিকা পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলের [5][বা ব্যবসায়স্থলের] এইরূপ কোনো স্থানে আঁটিয়া রাখিতে হইবে যাহাতে উহা সহজেই দৃষ্টিগোচর দৃষ্টিগোচর হয়।]

[6][(৯) যে সকল উৎপাদিত বা সরবরাহযোগ্য পণ্যের ওপর আইন এর ধারা ৫ এর উপ-উপ-ধারা (৭) অনুযায়ী বোর্ড কর্তৃক ট্যারিফ মূল্য নির্ধারণ করা হইয়াছে সে সকল প্রত্যেকটি পণ্যের জন্য নিবন্ধিত ব্যক্তিকে ফরম “মূসক-১ক”-এ উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ (input-output co-efficient) সম্পর্কিত একটি ঘোষণা সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে এবং বিভাগীয় কর্মকর্তা উক্ত ঘোষণাপত্র যাচাই বাছাই করিয়া প্রাপ্ত তথ্য প্রয়োজনে সংশোধনপূর্বক অনুমোদন করিবেন এবং নিবন্ধিত ব্যক্তি উক্তরূপে অনুমোদিত উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগের ভিত্তিতে ট্যারিফ মূল্যের অধীন পণ্যের প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণ ও প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত ঘোষণায় কোনো পরিবর্তন বা সংশোধনী আনয়নের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিতে হইবে।]

[1] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[2] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[3] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[4] মূসক এসআরও নং-৩৪০, তারিখ: ০৬/০৬/২০০২
[5] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[6] মূসক এসআরও নং-৩০৬, তারিখ: ০৭/০৬/২০০১

[1][৩ক। **সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্য ঘোষণা**।— বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, করযোগ্য কোনো সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্যভিত্তি ঘোষণা প্রদানের আদেশ প্রদান ও ঘোষণার পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।]

[2][৩কক। **মূল্য ঘোষণা দাখিলের দায় হইতে অব্যাহতি**।— সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে সমস্ত পণ্য বা সেবার ক্ষেত্রে ধারা ৫ এর উপ-ধারা (২গ) অনুযায়ী পশ্চাদগণনা (back calculation) এর মাধ্যমে উৎপাদন বা সেবা প্রদান স্তরে সমুদয় মূল্য সংযোজন কর বা সম্পূরক শুল্ক বা মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায় করিবে, সেই সমস্ত পণ্য বা সেবাকে উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত শর্তসাপেক্ষে মূল্য ঘোষণা দাখিলের দায় হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।]

[3][৩খ। **অভিন্ন মূল্যে উৎপাদনকারী বা আমদানিকারক কর্তৃক পণ্য সরবরাহ পদ্ধতি**।— কোনো উৎপাদনকারী কর্তৃক উৎপাদন পর্যায়ে বা আমদানিকারক কর্তৃক সরবরাহ পর্যায়ে পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত আকারে কোনো পণ্য সরবরাহ করার ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

(ক) করযোগ্য পণ্য সরবরাহের পূর্বে উৎপাদনকারী বা আমদানিকারক উৎপাদিত বা সরবরাহযোগ্য পণ্যের ওপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্যের উদ্দেশ্যে বিধি ৩ এ বিধৃত পদ্ধতিতে মূল্য ঘোষণা করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ মূল্য ঘোষণার ক্ষেত্রে উৎপাদন পর্যায়ের ঘোষণা এবং পণ্যের চূড়ান্ত সরবরাহ পর্যায়ের যাবতীয় ব্যয়, মুনাফা ও কমিশন পৃথকভাবে [4]["মূসক-১" বা, ক্ষেত্রমত, "মূসক-১খ"] এ প্রদর্শন করিবে;

(খ) উৎপাদনকারী বা আমদানিকরাক এইমর্মে বোর্ডে অঙ্গীকারনামা দাখিল করিবে যে, ঘোষিত অভিন্ন মূল্য পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটের দৃশ্যমান স্থানে অনপনীয় কালিতে মুদ্রিত থাকিবে এবং দেশের সর্বত্র উক্ত অভিন্ন মূল্যেই পণ্য সরবরাহ করা হইবে;

(গ) দফা (খ) এ উল্লিখিত অঙ্গীকারনামা বোর্ডে দাখিলের সময় অঙ্গীকারনামার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ঘ) দফা (গ) এর অধীন কাগজপত্র দাখিলের সময় পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত মূল্যের পাশে বা নিচে বা ওপরে "মূসক পরিশোধিত" বা, ক্ষেত্রমত, "VAT paid" মুদ্রণ সংবলিত পণ্যের নমুনা দাখিল করিতে হইবে;

(ঙ) বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর বিভাগীয় কর্মকর্তা সংশ্লিষ্ট উৎপাদনকারী বা আমদানিকারককে উহা অবহিত করিবেন এবং তৎকর্তৃক নির্দিষ্টকৃত তারিখ হইতে উল্লিখিত পণ্য সরবরাহ করা যাইবে;

[1] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[2] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[3] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[4] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯

(চ) নিজস্ব বিক্রয়কেন্দ্রে বা পরিবেশক বা ডিলার বা এজেন্ট কর্তৃক পণ্য সরবরাহ বা বিক্রয়কালে "মূসক-১১" চালানে "উৎসে সমুদয় মূসক পরিশোধিত" মর্মে সিল প্রদান করিয়া পণ্য সরবরাহ বা বিক্রয় করিতে হইবে।]

[1][৪। **টার্নওভার কর প্রদান**।— (১) যেকোনো করযোগ্য পণ্য সরবরাহকারীর বা করযোগ্য সেবা প্রদানকারীর বার্ষিক টার্নওভার [2][ষাট লক্ষ] টাকার নিম্নে হইলে তাহাকে বার্ষিক টার্নওভারের ওপর [3][ধারা ৮ এ বর্ণিত হারে] হারে টার্নওভার কর প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী টার্নওভার কর প্রদানে বাধ্য কোনো ব্যক্তিকে টার্নওভার কর প্রদানের নিমিত্তে [4][বিভাগীয় কর্তকর্তার] নিকট তালিকাভুক্ত হইতে হইবে। এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে [5][ফরম মূসক-৬"] এ [6][বিভাগীয় কর্তকর্তার] নিকট আবেদন করিতে হইবে। [7][বিভাগীয় [7][বিভাগীয় কর্তকর্তা] আবেদনকারীর বার্ষিক টার্নওভার সম্পর্কে সন্তুষ্ট হইলে তাহাকে আবেদনপত্র প্রাপ্তির সাত কার্যদিবসের মধ্যে তালিকাভুক্ত করিবেন এবং [8][ফরম "মূসক-৮"] এ তৎসম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

[9][(২ক) উপ-বিধির (২) এর অধীন তালিকাভুক্তির তারিখ হইতে পরবর্তী প্রত্যেক বৎসরের প্রথম ত্রিশ দিনের মধ্যে [10][বিভাগীয় কর্তকর্তার] নিকট উক্ত বৎসরের প্রাক্কলিত টার্নওভারের পরিমাণ এবং কর প্রদান পদ্ধতি সংক্রান্ত একটি ঘোষণা (প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ) ফরম "মূসক-২খ" এ প্রদান করিতে হইবে। উক্ত ঘোষণায় বর্ণিত তথ্যাদি [11][বিভাগীয় কর্তকর্তার] নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে তিনি পরবর্তী ত্রিশ কার্যদিবসের মধ্যে উহা অনুমোদনপূর্বক একটি অনুলিপি তালিকাভুক্ত ব্যক্তির নিকট প্রেরণ করিবেন [12][:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি কর্তৃক ঘোষিত টার্নওভার [13][বিভাগীয় কর্তকর্তা] কর্তৃক সুস্পষ্ট ও যৌক্তিক কারণে গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত না হইলে তিনি উক্ত ব্যক্তিকে যথাযথ শুনানির সুযোগদানপূর্বক ত্রিশটি কার্যদিবসের মধ্যে তৎকর্তৃক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উক্ত ব্যক্তির যুক্তিসঙ্গত টার্নওভারের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।]

(৩) তালিকাভুক্ত যেকোনো ব্যক্তিকে তালিকাভুক্তির তারিখ হইতেই টার্নওভার কর প্রদান করিতে হইবে।

(৪) তালিকাভুক্ত ব্যক্তি টার্নওভার কর বার্ষিক এককালীন প্রদান করিতে পারিবেন। বার্ষিক এককালীন পরিশোধের ক্ষেত্রে তালিকাভুক্ত হওয়ার পরবর্তী ত্রিশ দিনের মধ্যেই

[1] মূসক এসআরও নং-৯০, তারিখ: ০৯/০৬/১৯৯৪
[2] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[3] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২
[4] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[5] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[6] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[7] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[8] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[9] মূসক এসআরও নং-২১২, তারিখ: ১০/০৬/১৯৯৯
[10] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[11] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[12] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ১০/০৬/২০০৪
[13] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০

[1][১/১১৩৩/০০০০/০৩১৩] খাতে সরকারি ট্রেজারিতে প্রদেয় টার্নওভার কর জমা প্রদান করিতে হইবে। এককালীন টার্নওভার কর প্রদানকারীকে বৎসরে শুধুমাত্র একবার ফরম "মূসক-৪" এ সংশ্লিষ্ট [2][রাজস্ব কর্মকর্তার] নিকট একটি দাখিলপত্র পেশ করিতে হইবে এবং দাখিলপত্রের সহিত টার্নওভার কর পরিশোধের প্রমাণস্বরূপ ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করিতে হইবে।

[3][(৫) তালিকাভুক্ত ব্যক্তি টার্নওভার কর, ইচ্ছা করিলে, মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতেও প্রদান করিতে পারিবে। এইরূপ ক্ষেত্রে তালিকাভুক্ত ব্যক্তিকে তালিকাভুক্ত হওয়ার তারিখ হইতে পরবর্তী ত্রিশ দিনের মধ্যে মাসিক ও ত্রৈমাসিক ভিত্তির ক্ষেত্রে টার্নওভার করের যথাক্রমে বার ভাগের এক ভাগ ও চার ভাগের এক ভাগ পরিমাণ উপ-বিধি (৪) এ বর্ণিত ব্যবস্থায় পরিশোধ করিতে হইবে। অবশিষ্ট প্রদেয় টার্নওভার কর, মাসিক ভিত্তির ক্ষেত্রে পরবর্তী প্রতি মাসের পনের দিনের মধ্যে এবং ত্রৈমাসিক ভিত্তির ক্ষেত্রে, প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে উপ-বিধি (৪) এ বর্ণিত ব্যবস্থায় পরিশোধ করিতে হইবে। মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে টার্নওভার কর পরিশোধের ক্ষেত্রে তালিকাভুক্ত হওয়ার দিন হইতে শুরু করিয়া যথাক্রমে প্রতি মাস ও প্রতি তিন মাস (ইংরেজি মাস) অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে ফরম "মূসক-৪" -এ [4][রাজস্ব কর্মকর্তার] নিকট পৃথক পৃথক কর মেয়াদের জন্য দাখিলপত্র পেশ করিতে হইবে এবং এবং দাখিলপত্রের সহিত টার্নওভার কর পরিশোধের প্রমাণস্বরূপ ট্রেজারি চালানের মূল কপিও সংযুক্ত করিতে হইবে।]

[5][(৫ক) উপ-বিধি (৫) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে দাখিলপত্র পেশ করিতে করিতে ব্যর্থ হইলে উক্ত সময় অতিক্রান্ত হইবার ৭(সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা নোটিশ দ্বারা নোটিশে উল্লিখিত সময়-সীমার মধ্যে প্রদেয় টার্নওভার কর পরিশোধপূর্বক দাখিলপত্র পেশ করিবার জন্য তালিকাভুক্ত ব্যক্তিকে নোটিশ দিবেন এবং উহার অনুলিপি সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৫খ) উপ-বিধি (৫ক) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়-সীমার মধ্যে কর পরিশোধ করিয়া দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হইলে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে মামলা দায়ের করিয়া ন্যায়-নির্ণয়ের জন্য বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।]

[6][(৬) বিলুপ্ত] [7][(৭) হতে (১২) বিলুপ্ত] [8][(১৩) বিলুপ্ত]

[9][(১৩ক) তালিকাভুক্ত ব্যক্তি [10][উপ-বিধি (২ক) এর বিধান প্রতিপালনে ব্যর্থ হইলে

[1] মূসক এসআরও নং-৪৫৪, তারিখ: ০৫/০৩/২০০৫
[2] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[3] মূসক এসআরও নং-১২৫, তারিখ: ২৯/০২/১৯৯৬
[4] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[5] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[6] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[7] মূসক এসআরও নং-৩৬৪, তারিখ: ৩০/০১/২০০৩
[8] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[9] মূসক এসআরও নং-৩৮৬, তারিখ: ০১/০৭/২০০৩
[10] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।

অথবা] [1][বিভাগীয় কর্মকর্তা] কর্তৃক নির্ধারিত বার্ষিক টার্নওভার কর উপ-বিধি (৪) বা উপ-বিধি (৫)-এ বর্ণিত পদ্ধতিতে পরিশোধে ব্যর্থ হইলে [2][বিভাগীয় কর্মকর্তা] তাহার ওপর সর্বোচ্চ পাঁচ হাজার টাকা অর্থদণ্ডসহ, অনাদায়ী পরিমাণের ওপর মাসিক দুই শতাংশ হারে [3][সুদ] আরোপ করিতে পারিবেন।]

(১৪) টার্নওভার কর সম্পর্কিত যেকোনো সরকারি পাওনা ধারা ৫৬ তে বর্ণিত পদ্ধতিতে আদায়যোগ্যে হইবে।

(১৫) ভুলবশতঃ বা অধিক পরিশোধিত টার্নওভার কর সংক্রান্ত যেকোনো অর্থ [4][ফেরত [4][ফেরত প্রদানের (Refund) ক্ষেত্রে] ধারা ৬৭ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(১৬) টার্নওভার কর প্রদানকারী ব্যক্তি তাহার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল হইতে পণ্য অপসারণকালে বা সেবা প্রদানকালে [5][ফরম "মূসক-১৭ক" এ তাহার লেনদেনের হিসাব] সংরক্ষণ করিবেন এবং পণ্য অপসারণ বা সেবা প্রদানকালে ইস্যুকৃত ক্যাশ মেমোতে তাহার তালিকাভুক্তির নম্বর স্পষ্টভাবে উল্লেখ করিবেন।

[6][(১৭) ধারা ১৭ অনুযায়ী মূল্য সংযোজন কর প্রদানের জন্য স্বেচ্ছায় নিবন্ধিত কোনো ব্যক্তির ক্ষেত্রে এবং ধারা ৮ এর উপ-ধারা (৪) অনুযায়ী জারিকৃত আদেশে বর্ণিত পণ্য ও সেবা প্রদানকারী ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

(১৮) তালিকাভুক্ত ব্যক্তির প্রকৃত বার্ষিক টার্নওভার তালিকাভুক্তির [7][পর যেকোনো সময়] উপ-বিধি (১) এ বর্ণিত পরিমাণের অধিক হইলে তাহাকে তালিকাভুক্তি নম্বর বাতিলের আবেদনপত্রসহ ধারা (১৫) এর অধীন নিবন্ধনের জন ফরম "মূসক-৬" এ সংশ্লিষ্ট স্থানীয় মুল্য সংযোজন কর কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(১৯) [8][বিভাগীয় কর্মকর্তা] প্রতি মাসে [9][তৎপূর্ববর্তী মাসের তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ব্যবসার ধরন ও বার্ষিক টার্নওভারের পরিমাণসহ উক্ত মাস পর্যন্ত] তালিকাভুক্তির সংখ্যা এবং টার্নওভার কর আদায় সংক্রান্ত তথ্যাবলির একটি কপি [10][কমিশনারের] নিকট প্রেরণ করিবেন।

[11][(২০) উপ-বিধি (১৯) এর অধীন তথ্য প্রাপ্তির পর [1][কমিশনার], যথাশ্রীঘ্র সম্ভব, তালিকাভুক্ত ব্যক্তির বার্ষিক টার্নওভার কর সংক্রান্ত তথ্য পরীক্ষা করিবেন এবং উক্তরূপ পরীক্ষা

[1] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[2] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[3] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[4] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[5] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[6] মূসক এসআরও নং-২১২, তারিখ: ১০/০৬/১৯৯৯
[7] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[8] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[9] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[10] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[11] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯

করিবার পর যদি [১][কমিশনারের] নিকট প্রতীয়মান হয় যে, তালিকাভুক্ত ব্যক্তি কোনো ভুল বা মিথ্যা তথ্য সরবরাহপূর্বক তালিকাভুক্ত হইয়াছেন বা অনুরূপ তথ্যের কারণে টার্নওভার কম নির্ধারিত হইয়াছে, সেই ক্ষেত্রে [২][কমিশনার] তালিকাভুক্ত ব্যক্তিকে তৎসম্পর্কে নোটিশ প্রদানপূর্বক দশ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনমূলক বক্তব্য প্রদানের সুযোগ প্রদান করিবেন এবং প্রাপ্ত জবাবে [৩][কমিশনার] সন্তুষ্ট না হইলে [৪][বিভাগীয় কর্মকর্তা] এর উপস্থিতিতে শুনানির সুযোগ প্রদান করিয়া—

(ক) তালিকাভুক্ত ব্যক্তির টার্নওভার পুনঃনির্ধারণ করিতে পারিবেন; অথবা

(খ) টার্নওভার তালিকাভুক্তি বাতিলপূর্বক সংশ্লিষ্ট ব্যক্তিকে নিবন্ধিত হইয়া তালিকাভুক্তির তারিখ হইতে প্রযোজ্য হারে মূল্য সংযোজন কর প্রদান করিবার আদেশ প্রদান করিতে পারিবেন।]

**৫। মূল্য সংযোজন কর কর্মকর্তাকে ক্ষমতা প্রদান।—** বোর্ড [৫][আইন] বা বিধি দ্বারা প্রদত্ত যেকোনো ক্ষমতা প্রয়োগের কর্তৃত্ব যেকোনো মূল্য সংযোজন কর কর্মকর্তাকে প্রদান করিতে পারিবে।

**৬। [৬][কমিশনার] কর্তৃক অন্যান্য কর্মকর্তাদের ক্ষমতা প্রয়োগ।—** [৭][কমিশনার] এই বিধিমালার আওতায় যেকোনো কর্মকর্তার ওপর আরোপিত সকল বা যেকোনো দায়িত্ব বা কোনো কর্মকর্তার ওপর ন্যস্ত সকল বা যেকোনো ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

**[৮][৭। [৯][উৎপাদনস্থল, সেবাপ্রদানস্থল, ব্যবসায়স্থল, আবাসস্থল এবং যানবাহন পরিদর্শন, তল্লাশি ও আটক]।—** [১০][১১][(১) আইন বা এই বিধিমালার কোনো বিধান লংঘন করিয়া কোনো উৎপাদনস্থল, সেবাপ্রদানস্থল, ব্যবসায়স্থল, আবাসস্থল কিংবা যানবাহনে কর আরোপযোগ্য কোনো পণ্য সংরক্ষণ বা সরবরাহ বা বোঝাই বা বহন করা হইতেছে বা কর বা টার্নওভার কর পরিহার করিয়া পণ্য বা সেবা সংরক্ষণ বা সরবরাহ বা বোঝাই বা বহন করা হইতেছে বলিয়া কোনো অভিযোগ থাকিলে বা তাহা বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে বলিয়া বিবেচিত হইলে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো মূল্য সংযোজন কর কর্মকর্তা বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যেকোনো মূল্য সংযোজন কর কর্মকর্তা উক্ত যানবাহনের পথরোধ করিয়া বা উৎপাদনস্থল বা সেবাপ্রদানস্থল বা ব্যবসায়স্থল বা আবাসস্থল বা যানবাহনে প্রবেশ করিয়া উহাতে রক্ষিত বা বোঝাইকৃত বা বহনকৃত পণ্য বা সেবা পরিদর্শন ও তল্লাশি করিতে পারিবেন এবং যানবাহনের চালককে বা দখলদারকে, পণ্য বা সেবা সরবরাহকারী, পণ্য বা সেবা গ্রহীতা বা তাহাদের প্রতিনিধিকে তাৎক্ষণিকভাবে পণ্য বা সেবা

[১] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[২] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৩] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৪] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৫] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৬] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৭] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৮] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৯] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[১০] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[১১] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০

সরবরাহে বা গ্রহণে বা পরিবহনে আবশ্যক চালানপত্র প্রদর্শন করিবার নির্দেশ প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উপর্যুক্ত কারণে উৎপাদনস্থল, সেবাপ্রদানস্থল, ব্যবসায়স্থল, আবাসস্থল ও যানবাহন পরিদর্শন, তল্লাশি বা আটকের ক্ষমতার্পণের আদেশে আদেশ দানকারী কর্মকর্তা সুনির্দিষ্টভাবে এইরূপ কার্যক্রম পরিচালনার এলাকা ও পণ্য বা পণ্য শ্রেণির বা সেবা বা সেবা শ্রেণির নাম এবং ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবি উল্লেখ করিবেন এবং উক্তরূপ কার্যক্রম পরিচালনাকালে ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা তাঁহার পরিচিতি পত্র সঙ্গে বহন করিবেন এবং, প্রয়োজনে, সংশ্লিষ্ট ব্যক্তিকে উহা প্রদর্শন করিবেন।]

(২) উপ-বিধি (১) অনুযায়ী [১][পণ্য বা সেবা] পরিদর্শন ও তল্লশির পর তল্লাশিকৃত যানবাহনে কর অপরিশোধিত অবস্থায় কোনো [২][পণ্য বা সেবা] পরিবাহিত হয় নাই মর্মে উক্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি সংশ্লিষ্ট চালানপত্রের বিপরীত পৃষ্ঠায় উক্ত যানবাহনের [৩][পণ্য বা সেবা] সেবা] তল্লাশির সময়, তারিখ ও স্থান উল্লেখপূর্বক তাঁহার স্বাক্ষর ও সিল প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) অনুযায়ী [৪][পণ্য বা সেবা] পরিদর্শন ও তল্লশিকালে বৈধ চালানপত্র ব্যতিরেকে বা কর ফাঁকি প্রদানপূর্বক কোনো [৫][পণ্য বা সেবা] পরিবহন করা হইয়াছে বলিয়া প্রতীয়মান হইলে উক্ত কর্মকর্তা উক্ত [৬][পণ্য বা সেবা] পরিবহনকারী যানবাহনের চালককে বা দখলদারকে, বা [৭][পণ্য বা সেবা] সরবরাহকারী বা সরবরাহ গ্রহীতা বা তাহাদের প্রতিনিধিকে ফরম "মূসক-৫" এ একটি প্রাপ্তি রসিদ প্রদানপূর্বক যানবাহনসহ উক্ত [৮][পণ্য বা সেবা] আটক করিবেন [৯][এবং, অন্যান্য ক্ষেত্রে, কর বা টার্নওভার কর ফাঁকি প্রদান সংক্রান্ত পণ্য বা সেবা সরবরাহের প্রাসঙ্গিক প্রমাণ সংবলিত [১০][দলিলপত্র ও বাণিজ্যিক দলিলাদি] আটক করিবেন]।

[১১][(৩ক) উপ-বিধি (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, [১২][মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪] এর আওতায় ইটভাটা হইতে কর আদায়ের ক্ষেত্রে ব্যতীত, আটককৃত পণ্য এবং পণ্য বহনকারী যানবাহনের মালিক অভিন্ন ও নিবন্ধিত ব্যক্তি বলিয়া প্রতীয়মান হইলে উক্ত কর্মকর্তা আটককৃত পণ্য পরিবহনকারী যানবাহনের চালকের বা দখলদারের বা পণ্য সরবরাহকারীর বা সরবরাহ গ্রহীতার বা তাহাদের প্রতিনিধির, অতঃপর সরবরাহকারী বলিয়া উল্লিখিত, পরিচয়পত্র, পণ্যের চালানপত্র (যদি থাকে) ও অন্যান্য দলিলাদি আটকপূর্বক বলিয়া "মূসক-৫ক"-এর দুইটি কপিতে সরবরাহকারীর স্বাক্ষর গ্রহণ করিবেন এবং স্বাক্ষরিত "মূসক-৫ক"-এর একটি কপিসহ, পণ্যের ন্যায়-নির্ণয়ন অনিষ্পন্ন থাকা অবস্থায়, তাৎক্ষণিকভাবে পণ্য এবং যানবাহন ছাড় প্রদান করিবেন।

[১] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[২] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৩] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৪] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৫] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৬] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৭] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৮] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৯] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[১০] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[১১] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[১২] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪

(৩খ) আটককৃত [1][পণ্য বা সেবা] বা [2][পণ্য বা সেবা] পরিবহনকারী যানবাহনের মালিক মালিক মামলা চলাকালীন সময়ে আটককৃত যানবাহনের জন্য অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের আবেদন জানাইলে, এবং ন্যায়-নির্ণয়নের প্রয়োজনে ন্যায়-নির্ণয়কারী কর্মকর্তা কর্তৃক নির্দেশিত স্থান, সময় ও পদ্ধতিতে উক্ত যানবাহন উপস্থপন করা হইবে এবং উক্তরূপ উপস্থাপনে ব্যর্থ হইলে উক্ত মালিক ধারা ৩৭ অনুযায়ী দণ্ডনীয় হইবেন এই মর্মে ফরম "মূসক-৫ক"-এ অঙ্গীকারনামা প্রদান করিলে, সংশ্লিষ্ট ন্যায়-নির্ণয়নকারী কর্মকর্তা উক্ত যানবাহন, আবেদন প্রাপ্তির ২৪ ঘণ্টার মধ্যে, আবেদনকারীর অনুকূলে ছাড় প্রদান করিবেন।]

[3][(৪) উপ-বিধি (২) ও (৩) অনুযায়ী পরিচালিত প্রতিটি পরিদর্শন, তল্লাশি ও আটক সম্পর্কে উক্তরূপ কার্যক্রম পরিচালনাকারী কর্মকর্তা পরবর্তী কার্যদিবসের মধ্যে অথবা উক্ত সময়ের মধ্যে সম্ভব না হইলে বিলম্বের কারণ উল্লেখপূর্বক অতিরিক্ত দুই কার্যদিবসের মধ্যে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা, ক্ষেত্রমত, আদেশদানকারী কর্মকর্তার নিকট লিখিত প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনের ভিত্তিতে পরিদর্শিত বা তল্লাশিতকৃত বা আটককৃত পরিবহনের নম্বর, [4][পণ্যের বা সেবার] নাম, পরিমাণ ও মূল্য, সরবরাহকারী ও গ্রহীতার নাম, ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা, ক্ষেত্রমত, আদেশদানকারী কর্মকর্তা তাহার কার্যালয়ে একটি রেজিস্টারে সংরক্ষণ করিবেন।]

[5][(৫) বিলুপ্ত]

[6][৮। **নমুনা সংগ্রহ।**— করযোগ্য পণ্য সরবরাহকারী তৎকর্তৃক সরবরাহকৃত পণ্যের বা উক্তরূপ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের নমুনা যেকোনো মূল্য সংযোজন কর কর্মকর্তা, অতঃপর উক্ত কর্মকর্তা বলিয়া অভিহিত, কে সরবরাহ করিতে বাধ্য থাকিবেন এবং যে উদ্দেশ্যে নমুনা সংগৃহীত হইয়াছিল উক্ত উদ্দেশ্য সাধনের লক্ষ্যে কার্যসম্পাদনের পর উক্ত কর্মকর্তা নমুনা প্রাপ্তির অনূর্ধ্ব [7][১৫(পনের) কার্যদিবসের] মধ্যে পণ্য সরবরাহকারীকে উহা ফেরত প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, নির্ধারিত ত্রিশ দিনের মধ্যে কার্যসম্পাদিত না হইয়া থাকিলে কার্যসম্পাদন না হইবার কারণ উল্লেখপূর্বক উক্ত কর্মকর্তাকে পরবর্তী কত দিনের মধ্যে কার্যসম্পাদনক্রমে নমুনাটি পণ্য সরবরাহকারীকে ফেরত প্রদান করিবেন উহা উক্ত নির্ধারিত ত্রিশ দিনের মধ্যে অবহিত করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, উক্ত কর্মকর্তা কর্তৃক নির্দিষ্টকৃত পরবর্তী সময়সীমা কোনোক্রমেই ত্রিশ দিনের অতিরিক্ত হইবে না।]

৯। **নিবন্ধন পদ্ধতি।**— (১) কোনো করযোগ্য পণ্যের সরবরাহকারীর বা করযোগ্য সেবা প্রদানকারীর বার্ষিক টার্নওভার অন্যূন [8][ষাট লক্ষ] টাকা হইলে তাহাকে [9][ফরম] "মূসক-৬"-

[1] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[2] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[3] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[4] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[5] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[6] মূসক এসআরও নং-৪৮৯, তারিখ: ২৯/০৬/২০০৮
[7] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[8] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[9] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩

এ [1][বিভাগীয় কার্যালয়ে] [2][অথবা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে আদেশ দ্বারা নির্ধারিত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নিকট] [3][এবং, প্রয়োজনে, বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে online এ] নিবন্ধনের আবেদনপত্র পেশ করিতে হইবে।

(২) [4][আইনের] ধারা ১৬ অনুযায়ী নিবন্ধনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতিপ্রাপ্ত কোনো ব্যক্তির করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান বাবদ টার্নওভার অব্যাহতিপ্রাপ্ত হিসেবে গণ্য হওয়ার পরবর্তীতে যেকোনো বিরতিহীন বার মাস সময়ে অন্যূন [5][ষাট লক্ষ] টাকা হইলে তাহাকে উক্ত সময়ের মেয়াদ অতিক্রান্ত হওয়ার ত্রিশ দিনের মধ্যে [6][বিভাগীয় কার্যালয়ে] [7][অথবা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে আদেশ দ্বারা নির্ধারিত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নিকট] নিবন্ধনের আবেদনপত্র পেশ করিতে হইবে।

(৩) করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের ব্যবসায় শুরু করিতে চাহেন এমন কোনো ব্যক্তি উক্ত ব্যবসায়ের বার্ষিক টার্নওভার অন্যূন [8][ষাট লক্ষ] টাকা হইবে বলিয়া প্রাক্কলন করিলে তাহাকে ব্যবসায় শুরুর পূর্বেই [9][বিভাগীয় কার্যালয়ে] [10][অথবা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে আদেশ দ্বারা নির্ধারিত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নিকট] নিবন্ধনের আবেদনপত্র পেশ করিতে হইবে।

[11][(৪) কোনো করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল [12][বা সরবরাহস্থল] বা করযোগ্য সেবা প্রদানের স্থান বা আমদানি বা রপ্তানির ব্যবসায়স্থল হইতে একাধিক করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বা আমদানি বা রপ্তানির ক্ষেত্রে একটি মাত্র নিবন্ধনের প্রয়োজন হইবে।]

[13][(৫) নিবন্ধনে দায়বদ্ধ ব্যক্তি নিবন্ধনের আবেদনপত্রের সহিত ফরম "মূসক-৭" এ করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা সেবা প্রদান বা ক্রয়-বিক্রয় বা মজুদকরণে ব্যবহৃতব্য অঙ্গন, প্লান্ট, মূলধনী যন্ত্রপাতি ও ফিটিংস এবং উৎপাদিতব্য পণ্য বা প্রদেয় সেবা ও উহার প্রধান উপকরণসমূহের বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রদান করিবেন।]

(৬) কোনো ব্যক্তি কোনো পণ্য আমদানি বা রপ্তানি করিলে তাহাকে নিবন্ধনের জন্য উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনপত্র [14][বিভাগীয় কার্যালয়ে] [15][অথবা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে আদেশ দ্বারা নির্ধারিত সহকারী কমিশনার পদমর্যাদর নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নিকট] পেশ করিতে হইবে।

[1] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[2] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[3] মূসক এসআরও নং-৪৮৯, তারিখ: ২৯/০৬/২০০৮
[4] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[5] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[6] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[7] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[8] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[9] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[10] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[11] মূসক এসআরও নং-৩৫, তারিখ: ০১/১০/১৯৯১
[12] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[13] মূসক এসআরও নং-৬৩১, তারিখ: ০৯/০২/২০১২; জানুয়ারি ১০, ২০১২ হতে কার্যকারিতা প্রদান করা হয়েছে।
[14] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[15] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮

১০। **স্বেচ্ছা নিবন্ধন**।— [১][আইনের] ধারা ১৬ অনুযায়ী নিবন্ধন হইতে অব্যাহতিপ্রাপ্ত কোনো ব্যক্তি স্বেচ্ছায় নিবন্ধিত হইতে চাহিলে যে কর মেয়াদ হইতে তিনি নিবন্ধিত হইতে চাহেন উহা শুরু হওয়ার অন্যূন ত্রিশ দিন পূর্বে তাহাকে নিবন্ধনের জন্য [২][বিভাগীয় কার্যালয়ে] আবেদনপত্র পেশ করিতে হইবে এবং স্বেচ্ছায় নিবন্ধিত কোনো ব্যক্তি নিবন্ধিত হওয়ার তারিখের পরবর্তী কর মেয়াদের প্রথম দিন হইতে মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক প্রদানে দায়বদ্ধ হইবেন।

১১। **নিবন্ধনপত্র প্রদান**।— [৩][(১)] নিবন্ধনের আবেদনপত্র [৪][বিভাগীয় কর্মকর্তা অথবা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে আদেশ দ্বারা নির্ধারিত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার] নিকট [৫][, প্রয়োজনীয় দলিলাদি প্রাপ্তি সাপেক্ষে] গ্রহণযোগ্য বিবেচিত হইলে [৬][তিনি আবেদনকারীকে আবেদনপত্র প্রাপ্তির অনূর্ধ্ব ২ (দুই) কার্যদিবসের মধ্যে [৭][সরাসরি [৭][সরাসরি বা, প্রযোজ্য ক্ষেত্রে Online এর মাধ্যমে] ফরম] "মূসক-৮" - এ একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন।

[৮][(১ক) উপ-বিধি (১) * অধীন নিবন্ধনপত্র প্রদানের পর নিবন্ধনপত্র প্রদানকারী কর্মকর্তা প্রয়োজনীয় তদন্তপূর্বক বা অন্য কোনোভাবে যদি এই মর্মে নিশ্চিত হন যে, উক্ত আবেদনপত্রে অসত্য তথ্য প্রদত্ত হইয়াছে, তাহা হইলে তিনি নিবন্ধিত ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিয়া ধারা ১৯ এর বিধান অনুসারে উক্ত ব্যক্তির নিবন্ধন বাতিল করিতে পারিবেন।]

[৯][(২) কোনো ব্যক্তি ফরম "মূসক-৬"- এর [১০][ক্রমিক-১০] এ Import Registration Registration No. উল্লেখ করিতে ব্যর্থ হইলে, বিভাগীয় কর্মকর্তা তাহার বিবেচনায় নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত Import Registration No. দাখিলের শর্তে উক্ত ব্যক্তিকে নিবন্ধনপত্র প্রদান করিবেন।]

[১১][(৩) যদি কোনো নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠান ফরম "মূসক-৬" এর Serial 8 এ উল্লিখিত ব্যাংক হিসাব নম্বর এর অতিরিক্ত কোনো হিসাব ভবিষ্যতে খোলেন, তাহা হইলে উক্ত হিসাব খোলার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত হিসাব সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।]

[১] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[২] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[৩] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[৪] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[৫] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৬] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৭] মূসক এসআরও নং-৪৮৯, তারিখ: ২৯/০৬/২০০৮
[৮] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
* চিহ্নিত স্থানে 'এর' শব্দটি থাকা বাঞ্ছনীয়
[৯] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[১০] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[১১] মূসক এসআরও নং-৫৯৬, তারিখ: ০৯/০৬/২০১১

[১][১১ক।— **বিলুপ্ত**]

[২][১২। **ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তন**।— (১) কোনো নিবন্ধিত ব্যক্তির ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তন হইলে তাহাকে উক্ত পরিবর্তনের অন্যূন চৌদ্দ কার্যদিবস পূর্বে মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক বা টার্নওভার কর বা অন্যান্য পাওনা সম্পূর্ণ পরিশোধ সাপেক্ষে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে বা প্রযোজ্য ক্ষেত্রে, কার্যালয়সমূহে ফরম "মূসক-৯"-এ একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে।

(২) কোনো নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা করযোগ্য পণ্য আমদানি বা যেকোনো পণ্য বা সেবা রপ্তানির কার্য পরিচালনা হইতে বিরত থাকিতে চাহিলে তিনি অন্যূন চব্বিশ ঘণ্টা পূর্বে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়কে উহা অবহিত করিবেন এবং উক্তরূপ অবহিত হইবার পাঁচ কার্যদিবসের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় নিবন্ধিত ব্যক্তির মজুদ উপকরণ এবং তৈরি পণ্যের বা সেবার সরেজমিন হিসাব গ্রহণসহ উক্ত প্রতিষ্ঠানের যাবতীয় দায়-দেনা ও প্রক্রিয়াধীন বিষয়ের একটি বিবরণী প্রস্তুতপূর্বক, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষরে, উহা বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন:

[৩][তবে শর্ত থাকে যে, সাময়িক উৎপাদন বন্ধ বা সেবা প্রদান বিরতির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়টি কেবল স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়কে অবহিত করিতে হইবে এবং উক্তরূপে অবহিত হইবার ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে উক্ত কার্যালয়ের যথোপযুক্ত কর্মকর্তা নিবন্ধিত ব্যক্তির মজুত উপকরণ এবং প্রস্তুতকৃত পণ্যের বা সেবার সরেজমিন হিসাব গ্রহণ করিবেন।]

(৩) কোনো নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা করযোগ্য পণ্য আমদানি বা যেকোনো পণ্য বা সেবা রপ্তানির ব্যবসায় কার্য পরিচালনা হইতে বিরত থাকিলে এবং পরবর্তীতে পুনরায় উহা আরম্ভ করিতে চাহিলে উক্তরূপ আরম্ভ করিবার অন্যূন্য চব্বিশ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট বিষয়টি মূল্য সংযোজন কর কার্যালয়কে অবহিত করিতে হইবে।]

[৪][১৩। **নিবন্ধনপত্র ইত্যাদি প্রদর্শন**।— যেকোনো নিবন্ধিত ব্যক্তি—

(ক) যে অঙ্গন হইতে পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা পণ্য আমদানি বা রপ্তানি করেন সেই অঙ্গনে তিনি তাহার নিবন্ধনপত্র এবং বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্দেশিত অন্য যেকোনো আদেশ, বিজ্ঞপ্তি, পোস্টার বা অন্যকোনো কাগজপত্র বাঁধানো অবস্থায় বা, ক্ষেত্রমত, দেওয়ালে সাঁটানো অবস্থায় এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে উহা সহজেই দৃষ্টিগোচর হয়;

(খ) তাহার উৎপাদনস্থল বা সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থলের পরিচিতিমূলক সাইনবোর্ড বা ফলকে তাহার নিবন্ধন সংখ্যা এমন হরফে লিপিবদ্ধ করিয়া রাখিবেন যাহাতে সহজে দৃষ্টিগোচর হয়।]

[১] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[২] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[৩] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৪] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪

**১৪। [1][কমিশনার] কর্তৃক নিবন্ধনপত্র পরিবর্তন বা সংশোধন।**— যেকোনো সময়ে [2][কমিশনার] যেকোনো নিবন্ধিত ব্যক্তির নিবন্ধনপত্র প্রয়োজনীয় পরিবর্তন বা সংশোধনের নিমিত্ত, নিবন্ধনপত্রটি তাহার নিকট দাখিল করার জন্য সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবেন।

**১৫। নিবন্ধন বাতিলকরণ।**— (১) কোনো [3][নিবন্ধিত অথবা তালিকাভুক্ত] ব্যক্তি নিম্নবর্ণিত যেকোনো পরিস্থিতিতে তাহার [4][নিবন্ধন অথবা তালিকাভুক্তি সংখ্যা] বাতিলকরণের নিমিত্ত [5][ফরম] "মূসক-১০" এ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে আবেদনপত্র পেশ করিতে পারিবেন:

(ক) করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন [6][বা বিক্রয়] বা করযোগ্য সেবা প্রদান বা যেকোনো পণ্য আমদানি বা রপ্তানি হইতে বিরত হওয়া;

(খ) করযোগ্য পণ্য বা সেবা অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবা হিসেবে ঘোষিত হওয়া;

(গ) নিবন্ধিত হওয়ার পরবর্তীতে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদ [7][বা সরবরাহ] বা সেবা প্রদানের ব্যবসায় শুরু করিতে ব্যর্থ হওয়া;

[8][(ঘ) আইনের ধারা ১৭ অনুযায়ী স্বেচ্ছায় নিবন্ধিত ব্যক্তির নিবন্ধনের তারিখ হইতে পরবর্তী এক বৎসরে টার্নওভার [9][ষাট লক্ষ] টাকার কম হওয়া;

(ঙ) কোনো নিবন্ধিত ব্যক্তির বার্ষিক টার্নওভার [10][ষাট লক্ষ] টাকার কম হওয়া।

[11][(২) প্রয়োজনীয় অনুসন্ধানের পর রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সুপারিশের ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তা যদি যুক্তিসঙ্গত কারণে সন্তুষ্ট হন যে, কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি ব্যবসায় কার্যক্রম পরিচালনা করিতেছেন না বা উক্ত ব্যক্তির আর নিবন্ধিত বা তালিকাভুক্ত থাকার বাধ্যবাধকতা নাই, তাহা হইলে তিনি নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির নিবন্ধন বা তালিকাভুক্তি নম্বর, যুক্তিসঙ্গত সময়ের ব্যবধানে ২ (দুই) বার নোটিশ প্রদানপূর্বক, বাতিল করিতে পারিবেন;

(৩) উপ-বিধি (২) এর অধীন কোনো ব্যক্তির নিবন্ধন বা তালিকাভুক্তি বাতিল করা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি হিসেবে সকল কার্যক্রম অনতিবিলম্বে বন্ধ করিবেন এবং এই আইনের অধীনে জারিকৃত সকল দলিলাদির ব্যবহার বন্ধ করিবেন।

(৪) উপ-বিধি (২) এর অধীন নিবন্ধন বা তালিকাভুক্তি বাতিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল প্রদেয় কর বকেয়া (যদি থাকে), পরিশোধপূর্বক সংশ্লিষ্ট ব্যক্তিকে একটি চূড়ান্ত দাখিলপত্র পেশ করিতে হইবে।]

[1] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[2] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[3] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[4] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[5] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[6] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[7] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[8] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[9] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[10] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[11] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০

**১৬। [1][করযোগ্য পণ্যের সরবরাহ ও রপ্তানির ক্ষেত্রে চালানপত্র প্রদান]।**— [2][(১) যেকোনো নিবন্ধিত ব্যক্তিকে তৎকর্তক সরবরাহকৃত পণ্যের প্রতিটি সরবরাহের ক্ষেত্রে ফরম "মূসক-১১" -এ অথবা বোর্ড কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এতদুদ্দেশ্যে অনুমোদিত অন্যকোনো ফরমে দ্বিমুখী কার্বন ব্যবহার করিয়া একটি চালানপত্র প্রদান করিতে হইবে এবং চালানপত্রের তিনটি অনুলিপি তৈরি করিতে হইবে, তন্মধ্যে মূল অনুলিপিটি পণ্যের চালানপত্রে বর্ণিত চূড়ান্ত গন্তব্যস্থল পর্যন্ত পণ্যের সহিত রাখিতে হইবে এবং পণ্যেও ক্রেতা যদি নিবন্ধিত ব্যক্তি হন তাহা হইলে চালানপত্রের উক্ত অনুলিপিটি তিনি নিজ ব্যবসায় অঙ্গনে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি পণ্য সরবরাহের ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পৌঁছাইতে হইবে এবং তৃতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে বা ব্যবসায়স্থলে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যান্ত্রিক নৌযান বা মোটরযান সরবরাহের ক্ষেত্রে উল্লিখিত যান রেজিস্ট্রেশনের সময় রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট চালানপত্রের মূল অনুলিপি দাখিল করিতে হইবে;

আরও শর্ত থাকে যে, নিবন্ধিত নহেন এমন ব্যক্তির নিকট ব্যবসায়ী কর্তৃক উহাদের প্রতিটি সরবরাহের ক্ষেত্রে ফরম "মূসক-১১" বা "মূসক-১১ক" -এ দ্বিমুখী কার্বন ব্যবহার করিয়া একটি চালানপত্র প্রদান করিতে হইবে এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় ব্যবসায়স্থলে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিতে হইবে।]

(২) নিবন্ধিত সরবরাহকারী তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত [3][বা মজুদকৃত] পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলের [4][বা ব্যবসায়স্থলের] অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহ করিলে দিনের শেষে স্বনামে উপ-বিধি (১) এ বর্ণিত [5][ফরমে] একটি সম্মিলিত চালানপত্র প্রদান করিবেন এবং এই চালানপত্রের মূল ও তৃতীয় অনুলিপি পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে [6][বা ব্যবসায়স্থলে] রাখিতে হইবে এবং দ্বিতীয় অনুলিপি [7][বাহাত্তর ঘণ্টার] মধ্যে স্থানীয় মূল্য সংযোজন সংযোজন কর কার্যালয়ে জমা দিতে হইবে।

(৩) রপ্তানির ক্ষেত্রে চালানপত্র প্রদানের জন্য উপ-বিধি (১) এ বর্ণিত পদ্ধতির অনুরূপ পদ্ধতি অনুসৃত হইবে।

[8][(৩ক) উপ-বিধি (১), (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, [9][কমিশনার] প্রতিটি ক্ষেত্রে বিশেষ আদেশ দ্বারা কোনো নির্দিষ্ট পণ্যশ্রেণি বা প্রতিষ্ঠান বা ব্যক্তিকে কম্পিউটারের মাধ্যমে তৈরিকৃত চালানপত্র প্রদানের অনুমতি প্রদান করিতে পারিবে।]

[1] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[2] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[3] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[4] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[5] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[6] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[7] মূসক এসআরও নং-১৪০, তারিখ: ০৩/১১/১৯৯৬
[8] মূসক এসআরও নং-৩৪০, তারিখ: ০৬/০৬/২০০২
[9] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭

[১][(৩খ) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো নিবন্ধিত ব্যক্তি নিজস্ব ফরমেটে চালানপত্র ইস্যু করিতে আগ্রহী হইলে ফরম "মূসক-১১"-এর তথ্যাদি অক্ষুণ্ন রাখিয়া নিজস্ব অতিরিক্ত তথ্যাদিসহ "মূসক-১১" চালানপত্র তৈরি ও ইস্যু করিতে পারিবেন।

(৩গ) চুক্তিভিত্তিক উৎপাদনের আওতায় পণ্যের স্বত্বাধিকারী উৎপাদকের নিকট উপকরণ সরবরাহের সময় ফরম "মূসক-১১গ"-এ দ্বিমুখী কার্বন ব্যবহার করিয়া একটি চালানপত্র প্রদান করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় ব্যবসায়স্থলে অন্যূন চার বৎসর সংরক্ষণ করিবেন।

(৩ঘ) চুক্তিভিত্তিক উৎপাদক চুক্তির ভিত্তিতে উৎপাদিত পণ্য কেবলমাত্র স্বত্বাধিকারীর নিবন্ধিত ঠিকানার অনুকূলে সরবরাহ করিতে পারিবেন এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে উপ-বিধি (১) এর বিধান অনুসরণ করিবেন।]

[২][(৪) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক উপ-বিধি [৩][(১), (২), [৪][(৩), (৩ক), (৩খ), (৩গ) ও (৩ঘ)]] এ বর্ণিত পদ্ধতিতে প্রদত্ত "মূসক-১১" চালানপত্র ও উহার বিপরীতে গৃহীত উপকরণ করের যথার্থতা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ের [৫][রাজস্ব কর্মকর্তা] বা তদূর্ধ্ব যেকোনো কর্মকর্তা ফরম "মূসক-১১খ"এর মাধমে যাচাই করিতে পারিবেন।]

[৬]**১৭। সেবা প্রদান বা সেবা রপ্তানির ক্ষেত্রে চালানপত্র প্রদান।—** [৭][(১) সেবা প্রদান বা বা সেবা রপ্তানির ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তি বিধি ১৬ এর উপ-বিধি (১) এ বর্ণিত ফরমে অথবা আইন পরামর্শক, ইমিগ্রেশন উপদেষ্টা, কোচিং সেন্টার এবং ইংলিশ মিডিয়াম স্কুল কর্তৃক সেবা প্রদানের ক্ষেত্রে ফরম "মূসক-১১ঘ" এ দ্বিমুখী কার্বন ব্যবহার করিয়া চালানপত্রের তিনটি অনুলিপি তৈরি করিবেন এবং উক্তরূপে তৈরিকৃত চালানপত্রের –

(ক) মূল অনুলিপিটি সেবার ক্রেতা বা গ্রাহককে প্রদান করিবেন এবং সেবার ক্রেতা বা গ্রাহক যদি নিবন্ধিত হন তাহা হইলে উক্ত চালানপত্রের অনুলিপিটি তিনি নিজ ব্যবসায় অঙ্গনে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিবেন;

(খ) দ্বিতীয় অনুলিপিটি সেবা সরবরাহের (পাঁচ) কার্যদিবসের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পৌঁছাইবেন; এবং

(গ) তৃতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্হায় সেবাপ্রদানের স্থানে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিবেন।]

(২) ভূমি উন্নয়ন সংস্থা কর্তৃক উন্নয়নকৃত ভূমি বা ভবন নির্মাণ সংস্থা কর্তৃক নির্মিত এপার্টমেন্ট বা দোকান বা ভূমি বিক্রয়কারী কর্তৃক বিক্রিত ভূমি রেজিস্ট্রেশনের সময় রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট চালানপত্র (মূসক-১১) ও সংশ্লিষ্ট ট্রেজারি চালানের মূল বা সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

[১] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[২] মূসক এসআরও নং-৩০৬, তারিখ: ০৭/০৬/২০০১
[৩] মূসক এসআরও নং-৩৪০, তারিখ: ০৬/০৬/২০০২
[৪] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৫] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৬] মূসক এসআরও নং-৩০৬, তারিখ: ০৭/০৬/২০০১
[৭] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।

[১][(২ক) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, [২][কমিশনার] প্রতিটি ক্ষেত্রে বিশেষ আদেশ দ্বারা কোনো নির্দিষ্ট সেবাশ্রেণি বা প্রতিষ্ঠান বা ব্যক্তিকে কম্পিউটারের মাধ্যমে তৈরিকৃত চালানপত্র প্রদানের অনুমতি প্রদান করিতে পারিবে।]

[৩][(২খ) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো নিবন্ধিত ব্যক্তি নিজস্ব ফরমেটে চালানপত্র ইস্যু করিতে আগ্রহী হইলে "মূসক-১১" ফরম-এর তথ্যাদি অক্ষুণ্ন রাখিয়া নিজস্ব অতিরিক্ত তথ্যাদিসহ "মূসক-১১" চালানপত্র তৈরি ও ইস্যু করিতে পারিবেন।]

(৩) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক উপ-বিধি [৪][(১), (২ক) ও (২খ)] এ বর্ণিত পদ্ধতিতে প্রদত্ত চালানপত্র ও উহার বিপরীতে গৃহীত উপকরণ করের যথার্থতা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ের [৫][রাজস্ব কর্মকর্তা] বা তদূর্ধ্ব যেকোনো কর্মকর্তা ফরম "মূসক-১১খ"এর মাধমে প্রয়োজনে, যাচাই করিতে পারিবেন।]

[৬]**১৭ক। ক্রেডিট নোট ও ডেবিট নোট।—** (১) যে ক্ষেত্রে কোনো নিবন্ধিত ব্যক্তি কর্তৃক চালানাপত্র পূরণ বা প্রদানের পর বা চলতি হিসাবে প্রদেয় কর সমন্বিত করার পর তাহা বাতিল করার প্রয়োজন হয়, কিংবা পণ্য সরবরাহের বা সেবা প্রদানের পর তাহা সম্পূর্ণ বা আংশিকভাবে ফেরত প্রদত্ত হয় কিংবা পণ্য সরবরাহের বা সেবা প্রদানের প্রকৃতি মৌলিকভাবে পরিবর্তিত হয় কিংবা চালানপত্রে প্রকৃত প্রদেয় করের তুলনায় অধিক কর উল্লিখিত হয়, সেইক্ষেত্রে তিনি বাতিলকৃত চালানপত্রে প্রদর্শিত কর কিংবা ফেরত প্রদত্ত পণ্য বা সেবার বিপরীতে প্রদত্ত কর কিংবা চালানপত্রে অধিক প্রদর্শিত কর চলতি হিসাব ও প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তী দাখিলপত্রে সমন্বয়ের উদ্দেশ্যে চালানপত্রটি বাতিল করিয়া পণ্য বা সেবার গ্রহীতার অনুকূলে ফরম "মূসক-১২"-এ একটি ক্রেডিট নোট ইস্যু করিবেন এবং পরবর্তী কার্যদিসের মধ্যে সংশ্লিষ্ট সার্কেল [৭][রাজস্ব কর্মকর্তার] নিকট উহার একটি অনুলিপি দাখিল করিবেন [৮][:

তবে শর্ত থাকে যে,

(ক) পণ্য সরবরাহ বা সেবা প্রদানের পর তাহা সম্পূর্ণ বা আংশিকভাবে ফেরত গ্রহণের ক্ষেত্রে পণ্য বা সেবা কারখানা বা ব্যবসায়স্থল হইতে অপসারণের [৯][নব্বই দিন পর] ফেরত গৃহীত হইলে;

(খ) পণ্যের গুণগতমান খারাপ হওয়ার কারণে সরবরাহকৃত পণ্য বা সেবা প্রত্যাহার করা হইলে;

উক্ত নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।]

(২) যে ক্ষেত্রে কোনো নিবন্ধিত ব্যক্তি কর্তৃক চালানপত্র পূরণ বা প্রদানের পর কিংবা চলতি হিসাবে প্রদেয় কর সমন্বিত করার পর কিংবা পণ্য সরবরাহ বা সেবা প্রদানের পর দেখা যায় যে, সরবরাহতব্য বা সরবরাহকৃত পণ্য অথবা প্রদেয় বা প্রদত্ত সেবার বিপরীতে প্রকৃতপক্ষে যে পরিমাণ কর প্রদেয় তাহার চাইতে কম পরিমাণ কর চালানপত্রে উল্লিখিত হইয়াছে, সেইক্ষেত্রে

[১] মূসক এসআরও নং-৩৪০, তারিখ: ০৬/০৬/২০০২
[২] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৩] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৪] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৫] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৬] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[৭] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৮] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[৯] মূসক এসআরও নং-৪৪১, তারিখ: ০৯/০৬/২০০৫

তিনি চালানপত্রটি বাতিল করিয়া প্রকৃত প্রদেয় করের পরিমাণ উল্লেখপূর্বক পণ্য বা সেবার গ্রহীতার অনুকূলে ফরম "মূসক-১২ক"-এ একটি ডেবিট নোট ইস্যু করিবেন এবং পরবর্তী কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট সার্কেল [১][রাজস্ব কর্মকর্তার] নিকট উহার একটি অনুলিপি দাখিল করিবেন এবং একই সংগে তিনি বিষয়টি চলতি হিসাব ও প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তী দাখিলপত্রে সমন্বয় সাধন করিবেন।]

**১৮। আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে চালানপত্র প্রদান।—** [২][(১) নিবন্ধিত সরবরাহকারী উপকরণের সরাসরি আমদানিকারক হইলে, সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, যাহাতে আমদানি পর্যায়ে প্রদত্ত মূল্য সংযোজন কর পৃথকভাবে প্রদর্শিত হইবে, রেয়াতের জন্য চালানপত্র বলিয়া গণ্য হইবে।]

[৩][(২) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্য সরবরাহকালে চালানপত্রের তিনটি অনুলিপি তৈরি করিতে হইবে, তন্মধ্যে—

(ক) মূল অনুলিপিটি পণ্যের ক্রেতাকে প্রদান করিতে হইবে;

(খ) দ্বিতীয় অনুলিপিটি পণ্য সরবরাহের [৪][৫][৫(পাঁচ)] কার্যদিবসের] মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে; এবং

(গ) তৃতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় অন্যূন [৬][ছয় বৎসর] সংরক্ষণ করিতে হইবে।]

[৭][(৩) উপ-বিধি (২) এ যাহা বিছুই থাকুক না কেন, [৮][কমিশনার] প্রতিটি ক্ষেত্রে বিশেষ বিশেষ আদেশ দ্বারা কোনো নির্দিষ্ট পণ্যশ্রেণি বা প্রতিষ্ঠান বা ব্যক্তিকে কম্পিউটারের মাধ্যমে তৈরিকৃত চালানপত্র প্রদানের অনুমতি প্রদান করিতে পারিবে।]

[৯][**১৮ক। সরবরাহ গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কর্তন।—** (১) নিম্নলিখিত সংস্থা বা প্রতিষ্ঠানকে, অতঃপর 'উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী' বলিয়া উল্লিখিত, [১০][সেবা] গ্রহণের সময় উৎসে মূল্য সংযোজন কর কর্তন করিতে হইবে, যথাঃ-

(ক) সরকারি, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান;

(খ) এনজিও;

(গ) ব্যাংক, বীমা প্রতিষ্ঠান, বা অন্যকোনো আর্থিক প্রতিষ্ঠান;

(ঘ) লিমিটেড কোম্পানি; বা

(ঙ) শিক্ষা প্রতিষ্ঠান।

[১] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[২] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[৩] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[৪] মূসক এসআরও নং-৪৫৮, তারিখ: ০৮/০৬/২০০৬
[৫] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৬] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৭] মূসক এসআরও নং-৩৪০, তারিখ: ০৬/০৬/২০০২
[৮] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৯] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[১০] মূসক এসআরও নং-৬১০, তারিখ: ২৯/০৬/২০১১

(২) নিবন্ধিত ব্যক্তি টেন্ডার বা কার্যাদেশের বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারীর নিকট [১][সেবা] সরবরাহের সময়—

(ক) প্রকৃত হারে মূল্য সংযোজন কর চালানপত্র ইস্যু করিবেন;

(খ) ইস্যুকৃত কোনো বিক্রয় চালান বা বাণিজ্যিক দলিলে মোট মূল্য সংযোজন করের পরিমাণ উল্লেখ করিবেন; এবং

(গ) বিক্রয় চালান বা বাণিজ্যিক দলিলে তাহার মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর এবং টেন্ডার বা কার্যাদেশের বিপরীতে [২][সেবা] সরবরাহের বিষয়টি উল্লেখ করিবেন।

(৩) আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর দফা (ঘ) এবং ধারা ৬ এর উপ-ধারা (৩) এর দফা (ঘ) এর অধীন সেবা গ্রহণকারী কর্তৃক সেবার মূল্য পরিশোধের সময় প্রদেয় সমুদয় মূল্য সংযোজন কর ব্যাংক বা অন্যকোনো আর্থিক প্রতিষ্ঠান উৎসে কর্তন করিবেন।

[**ব্যাখ্যাঃ** এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "এনজিও" অর্থে এনজিও বিষয়ক ব্যুরো বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা, অধিদপ্তরের অধীনে নিবন্ধিত কোনো বেসরকারি সংস্থাকে বুঝাইবে।]

[৩][৪][**১৮খ। উৎসে কর্তিত মূল্য সংযোজন কর এর প্রত্যয়নপত্র।—** (১) উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী উৎসে মূল্য সংযোজন কর কর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কর্তনকারীর সংশিণ্টষ্ট কমিশনারেট কোডে কর্তিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কর্তিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের পর কর্তনকারী অনধিক ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে "ফরম মূসক-১২খ" তে একটি প্রত্যয়নপত্র (ট্রেজারি চালানের মূলকপিসহ) উৎসে কর্তনকারীর সংশিণ্টষ্ট মূসক সার্কেলে এবং একটি অনুলিপি (ট্রেজারি চালানের ছায়ালিপিসহ) সেবা সরবরাহকারীর বরাবর প্রেরণ করিবেন এবং প্রত্যয়নপত্রের একটি অনুলিপি উৎসে কর্তনকারী ৬ (ছয়) বৎসর সংরক্ষণ করিবেন।

(৩) উৎসে কর্তনকারী সংশিণ্টষ্ট কর মেয়াদে উৎসে কর্তিত মূল্য সংযোজন কর এর পরিমাণ "ফরম মূসক-১৯" এর ক্রমিক নং ৫ এর বিপরীতে প্রদর্শন করিবেন এবং সরবরাহকারী তাহাকে প্রদত্ত প্রত্যয়নপত্র প্রদানের উলিণ্টখিত কর মেয়াদে অথবা অব্যবহিত পরবর্তী কর মেয়াদে উক্ত ফরমের ১৯ নম্বর ক্রমিকে উৎসে কর্তিত মূসকের পরিমাণ উলেণ্টখ করিবেন।]

[৫][**১৮গ। বিলুপ্ত**]

[৬][**১৮ঘ। বিলুপ্ত**]

[১] মূসক এসআরও নং-৬১০, তারিখ: ২৯/০৬/২০১১
[২] মূসক এসআরও নং-৬১০, তারিখ: ২৯/০৬/২০১১
[৩] মূসক এসআরও নং-৫৯৬, তারিখ: ০৯/০৬/২০১১
[৪] মূসক এসআরও নং-৬১০, তারিখ: ২৯/০৬/২০১১
[৫] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২
[৬] মূসক এসআরও নং-৫৯৬, তারিখ: ০৯/০৬/২০১১

[1][১৮ঙ। **বিবিধ ফি, রয়্যালটি, চার্জ, ইত্যাদি ক্ষেত্রে উৎসে মূল্য সংযোজন কর কর্তন।**— [2][(১) সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আপাততঃ বলবৎ কোন আইনের অধীন–

(অ) লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিট প্রদান বা নবায়নকালে উক্তর প সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের ওপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন করিতে হইবে;

(আ) প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বণ্টন (revenue sharing), রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্যকোনোভাবে প্রাপ্ত সমুদয় অর্থের ওপর উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত বা প্রাপ্য পণ এর ওপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় করিতে হইবে।]

(২) পানি, বিদ্যুৎ, গ্যাস এবং টেলিফোন সংযোগ প্রদানকালে সংশ্লিষ্ট সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠান উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের ওপর উৎসে মূল্য সংযোজন [3][কর কর্তন ও আদায় করিবে]।]

**১৯। উপকরণ কর রেয়াত পদ্ধতি।**— (১) যেকোনো নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান বাবদ [4][কোনো কর মেয়াদে] তৎকর্তৃক প্রদেয় উৎপাদ করের বিপরীতে [5][আইনের] ধারা ৯ অনুযায়ী মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য ক্ষেত্রে, ধারা ১৩ অনুযায়ী মূল্য সংযোজন করসহ অন্যান্য কর ও শুল্ক [6][উক্ত কর মেয়াদে] রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

[7][(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, করযোগ্য পণ্য উৎপাদন বা সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের সহিত সম্পৃক্ত এইরূপ স্থান, স্থাপনা বা অঙ্গনে ব্যবহৃত—

(ক) বীমা, গ্যাস ও বিদ্যুৎ বিতরণের ওপর পরিশোধিত মূল্য সংযোজন করের আশি শতাংশ; এবং

(খ) টেলিফোন, টেলিপ্রিন্টার, ফ্যাক্স, ইন্টারনেট, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্ট, ওয়াসা, অডিট ও একাউন্টিং ফার্ম, যোগানদার, সিকিউরিটি সার্ভিস, আইন পরামর্শক, পরিবহন ঠিকাদার ও ঋণপত্রের ওপর পরিশোধিত মূল্য সংযোজন করের ষাট শতাংশ, পরিমাণ রেয়াত গ্রহণ করা যাইবে।

(২) [8][করযোগ্য পণ্য বা সেবা] সরবরাহের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক ক্রীত উপকরণ, তাহার নিবন্ধন সংখ্যা সংবলিত [9][বিল অব এন্ট্রি অথবা চালানপত্র অথবা সেবা

[1] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[2] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[3] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[4] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[5] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[6] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[7] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[8] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[9] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।

আমদানির ক্ষেত্রে ট্রেজারি চালানসহ] সমুদয় উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা ব্যবসায়স্থলে প্রবেশের পর উক্ত উপকরণের ওপর প্রদত্ত উপকরণ কর ফরম “মূসক-১৮”-তে প্রদর্শিত চলতি হিসাবের “রেয়াত” কলামে লিপিবদ্ধ করিবেন।]

[1][(২ক) উপ-বিধি (২) এর অধীন উক্ত উপকরণ কর যেই কর মেয়াদে করদাতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা ব্যবসায়স্থলে প্রবেশ করিবে সেই কর মেয়াদে উৎপাদ করের বিপরীতে চলতি হিসাবে লিপিবদ্ধ করিয়া সমন্বয় সাধন করা যাইবে এবং কোনো কর মেয়াদে উৎপাদ কর উপকরণ কর অপেক্ষা অধিক হইলে অতিরিক্ত পরিমাণ উৎপাদ কর সরকারি ট্রেজারিতে নগদ জমা করিতে হইবে এবং উৎপাদ করের তুলনায় উপকরণ কর অধিক হইলে অতিরিক্ত পরিমাণ উপকরণ কর পরবর্তী মাসে জের হিসেবে চলতি হিসাবে “জের” কলামে প্রদর্শন করিতে হইবে, যাহা পর্যায়ক্রমে পরবর্তী কর মেয়াদে উৎপাদ করের বিপরীতে সমন্বয় করা যাইবে।]

[2][(৩) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত উভয় প্রকার পণ্য সরবরাহ করেন তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উহার ওপর প্রদত্ত উপকরণ কর চলতি হিসাবের [3][“রেয়াত”] কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের ওপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর তাহাকে উক্ত কর মেয়াদে বিক্রয়কৃত অব্যাহতিপ্রাপ্ত পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে [4][বা ব্যবসায়ে বা ক্রয়-বিক্রয়ে] ব্যবহৃত উকরণের ওপর যে পরিমাণ মূল্য সংযোজন কর প্রদত্ত হইয়াছে সেই পরিমাণ অর্থ চলতি হিসাবের “প্রদেয়” কলামে লিপিবদ্ধ করিয়া প্রয়োজনীয় সমন্বয় সাধন [5][*] করিতে হইবে এবং উক্ত কর মেয়াদের দাখিলপত্রে উহা প্রদর্শন করিতে হইবে।

(৪) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ করেন এবং এইরূপ কোনো পণ্য রপ্তানি করেন যাহার প্রস্তুতকরণে বা উৎপাদনে মূল্য সংযোজন করসহ অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হয়, তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উহার ওপর প্রদত্ত মূল্য সংযোজন কর চলতি হিসাবের [6][“রেয়াত”] কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের ওপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর উক্ত কর মেয়াদে রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের ওপর যে পরিমাণ সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারি শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদত্ত হইয়াছে, সেই পরিমাণ অর্থ চলতি হিসাবের [7][“রেয়াত”] কলামে লিপিবদ্ধ করিয়া রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং তিনি উহা উক্ত কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।]

[8][(৫) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য সেবা প্রদান করেন, তিনি তৎকর্তৃক কোনো কর মেয়াদে প্রদত্ত সেবার জন্য যে উপকরণ ব্যবহার করিয়াছেন সেই উপকরণের ওপর প্রদত্ত

[1] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[2] মূসক এসআরও নং-৩৫, তারিখ: ০১/১০/১৯৯১
[3] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[4] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[5] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[6] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[7] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[8] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০

উপকরণ কর উক্ত কর মেয়াদেই প্রদেয় করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং রেয়াত গ্রহণের পর সংশ্লিষ্ট কর মেয়াদে প্রদেয় কর উপকরণ করের তুলনায় অধিক হইলে অতিরিক্ত প্রদেয় কর সরকারি ট্রেজারিতে জমা করিতে হইবে; প্রদেয় করের তুলনায় উপকরণ কর অধিক হইলে অতিরিক্ত পরিমাণ উপকরণ কর পরবর্তী মেয়াদে জের হিসেবে চলতি হিসাবের "জের" কলামে প্রদর্শন করা যাইবে এবং পর্যায়ক্রমে উহা প্রদেয় করের বিপরীতে সমন্বয়যোগ্য হইবে।

(৫ক) যে ক্ষেত্রে কোনো নিবন্ধিত ব্যক্তি করযোগ্য এবং অব্যাহতিপ্রাপ্ত উভয় প্রকার সেবা প্রদান করেন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি শুধুমাত্র করযোগ্য সেবা প্রদানের জন্য যে পরিমাণ উপকরণ ব্যবহৃত হইয়াছে সেই পরিমাণ উপকরণের ওপর উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

(৫খ) যে ক্ষেত্রে কোনো নিবন্ধিত ব্যক্তি করযোগ্য সেবা প্রদান এবং এইরূপ কোনো সেবা রপ্তানি করেন যাহাতে মূল্য সংযোজন কর এবং অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হইয়াছে সেই ক্ষেত্রে তৎকর্তৃক সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর, ধারা ১৩ এর বিধান অনুযায়ী শূন্য হারে রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত উপকরণের ওপর যে পরিমাণ সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারি শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদত্ত হইয়াছে, সেই পরিমাণ অর্থ উক্ত করমেয়াদে করযোগ্য সেবা প্রদানের ওপর প্রদেয় করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং অনুরূপভাবে গ্রহণ করার ক্ষেত্রে তিনি উহা সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।]

[১][(৬) কুটিরশিল্পের আওতায় সুবিধাপ্রাপ্ত, টার্নওভার কর প্রদানকারী এবং অব্যাহতিপ্রাপ্ত পণ্যের উৎপাদনকারী ব্যক্তি তাহার পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের ওপর প্রদত্ত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন না।]

[২][(৭) চুক্তিভিত্তিতে পণ্যের উৎপাদনকারী পণ্য উৎপাদনে ব্যবহৃত স্বত্বাধিকারী কর্তৃক সরবরাহকৃত উপকরণ ব্যতীত, অন্যান্য উপকরণের ওপর পরিশোধিত মূল্য সংযোজন কর ঘোষিত মূল্যে অন্তর্ভুক্ত থাকিবার শর্তে আইনের ধারা ৯ এর বিধান প্রতিপালন করিয়া রেয়াত গ্রহণ করিতে পারিবেন।]

[৩]**[২০। বিলুপ্ত]**

**২১। [৪][আইন] প্রবর্তনকালে মজুদ উপকরণের ওপর প্রদত্ত কর রেয়াত।**— (১) বাংলাদেশে মূল্য সংযোজন কর [৫][আইন] বলবৎ হওয়ার তারিখে নিবন্ধিত ব্যক্তির নিকট আবগারি শুল্ক বা বিক্রয় কর পরিশোধিত উপকরণের মজুদ থাকিলে অথবা মূল্য সংযোজন কর [৬][আইন] প্রবর্তনের পরবর্তী কোনো তারিখে নূতনভাবে মূল্য সংযোজন করের আওতায় আনীত কোনো

[১] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[২] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৩] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৪] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৫] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৬] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩

পণ্য উৎপাদনে ব্যবহৃতব্য উপকরণের মজুদ থাকিলে তিনি, তাহার [১][দুই মাসের] গড় মজুদ উপকরণের মূল্যের বা প্রকৃত মজুদের মূল্যের, যাহাই কম হউক না কেন, [২][দশ শতাংশ] পরিমাণ অর্থ উপকরণ কর রেয়াত হিসেবে গ্রহণ করিতে পারিবেন।

[৩][**ব্যাখ্যা।**— উক্তরূপ দুই মাসের গড় মজুদের মূল্য নিম্নবর্ণিত পদ্ধতিতে, যাহাই প্রযোজ্য হয়, নির্ণীত হইবে:

(ক) ১লা জুলাই, ১৯৯১ এর অব্যবহিত পূর্বের তিন মাসে ব্যবহৃত বিক্রয় কর বা আবগারি শুল্ক পরিশোধিত উপকরণের মূল্যের মাসিক গড়ের ভিত্তিতে; বা

(খ) দফা (ক)-তে বর্ণিত সময়কালে নিবন্ধিত ব্যক্তি পণ্য উৎপাদনে বা প্রস্তুতকরণে নিয়োজিত না থাকিলে সর্বশেষ পূর্ণ তিন মাসে ব্যবহৃত বিক্রয় কর বা আবগারি শুল্ক পরিশোধিত উপকরণের মূল্যের মাসিক গড়ের ভিত্তিতে; বা

(গ) নিবন্ধিত ব্যক্তি তিন মাসের কম সময়ের জন্য পণ্য উৎপাদনে বা প্রস্তুতকরণে নিয়োজিত থাকিলে পূর্ণ দুই মাসে ব্যবহৃত বিক্রয় কর বা আবগারি শুল্ক পরিশোধিত উপকরণের মূল্যের ভিত্তিতে; বা

(ঘ) প্রকৃত মজুদ উপরে বর্ণিত যেকোনো পদ্ধতিতে নির্ণীত দুই মাসের গড় মজুদের চাইতে কম হইলে বিক্রয় কর বা আবগারি শুল্ক পরিশোধিত প্রকৃত মজুদ উপকরণ মূল্যের ভিত্তিতে; এবং

(ঙ) মজুদ উপকরণের মূল্য হইবে বিক্রয় কর পরিশোধিত উপকরণের ক্ষেত্রে যে মূল্যের ভিত্তিতে বিক্রয় কর প্রদান করা হইয়াছে এবং আবগারি শুল্ক পরিশোধিত উপকরণের ক্ষেত্রে যে মূল্যের ভিত্তিতে আবগারি শুল্ক প্রদান করা হইয়াছে, সেই মূল্য।]

(২) মজুদ উপকরণের ক্ষেত্রে কর রেয়াত পাওয়ার অধিকারী নিবন্ধিত ব্যক্তিকে [৪][ফরম] [৪][ফরম] "মূসক-১৫" এ মজুদ উপকরণ সংক্রান্ত ঘোষণাপত্রের দুইটি অনুলিপি [৫][আইন] বলবৎ হওয়ার তারিখের বা [৬][আইন] প্রবর্তনের পরবর্তী যেকোনো তারিখে নূতনভাবে মূল্য সংযোজন করের আওতায় আনীত পণ্যের ক্ষেত্রে উক্ত তারিখের সাত দিনের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা দিতে হইবে এবং [৭][রাজস্ব কর্মকর্তা] প্রয়োজনীয় অনুসন্ধানপূর্বক ঘোষণাপত্রে উল্লিখিত মজুদের যথার্থতা যাচাই করিয়া বিভাগীয় কর্মকর্তার নিকট সুপারিশ করিবেন এবং নিবন্ধিত ব্যক্তিকে উক্ত ঘোষণাপত্রের একটি অনুলিপি প্রদান করিবেন এবং নিবন্ধিত ব্যক্তি উক্ত সুপারিশের ভিত্তিতে প্রাথমিকভাবে রেয়াতযোগ্য পরিমাণ অর্থ উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

[১] মূসক এসআরও নং-৩৫, তারিখ: ০১/১০/১৯৯১
[২] মূসক এসআরও নং-৩৫, তারিখ: ০১/১০/১৯৯১
[৩] মূসক এসআরও নং-৩৫, তারিখ: ০১/১০/১৯৯১
[৪] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৫] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৬] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৭] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০

(৩) বিভাগীয় কর্মকর্তা উপ-বিধি (২) এ বর্ণিত সুপারিশের ভিত্তিতে তাহার বিবেচনায় যথাযথ যাচাই ও পরীক্ষা নিরীক্ষার ভিত্তিতে রেয়াতের চূড়ান্ত পরিমাণ নির্ধারণ করিবেন এবং এই চূড়ান্ত পরিমাণের সহিত উপ-বিধি (২) অনুযায়ী সুপারিশকৃত পরিমাণের কোনো তারতম্য হইলে চলতি হিসাবে ও দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধনের নির্দেশ দিবেন।

**২২। হিসাবরক্ষণ।**— (১) যেকোনো নিবন্ধিত ব্যক্তিকে তাহার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল [১][বা ব্যবসায়স্থল] বা সেবা প্রদানের স্থানে নিম্নবর্ণিত পুস্তকসমূহ, যাচাই প্রযোজ্য হয়, যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে, যথা:

[২](ক) **ক্রয় হিসাব পুস্তক।**— এই পুস্তকে করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবার ক্রয় সংশ্লিষ্ট তথ্যাবলি ফরম "মূসক-১৬"-এ লিপিবদ্ধ করিতে হইবে;

(খ) **বিক্রয় হিসাব পুস্তক।**— এই পুস্তকে করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা উক্তরূপ পণ্য বা সেবা রপ্তানি সংশ্লিষ্ট তথ্যাবলি ফরম "মূসক-১৭"-এ লিপিবদ্ধ করিতে হইবে;

[৩][(গ) **চালানপত্র পুস্তক।**— ফরম "মূসক-১১" এবং প্রযোজ্য ক্ষেত্রে "মূসক-১১ক" বা "মূসক-১১গ" বা "মূসক-১১ঘ" অনুযায়ী মুদ্রিত চালানপত্রসমূহ বাঁধানো অবস্থায় এমনভাবে সংরক্ষণ করিতে হইবে, যাহাতে ইহার কোনো পাতা, না ছিঁড়িয়া, অপসারণ করা যায় না এবং চালানপত্রসমূহে ক্রমানুসারে সংখ্যা মুদ্রিত করিতে হইবে; এবং]

(ঘ) **চলতি হিসাব পুস্তক।**— এই পুস্তকে [৪][ফরম] "মূসক-১৮" অনুযায়ী লেনদেনের লেনদেনের বর্ণনা, প্রদেয় উৎপাদ কর, ট্রেজারিতে জমা প্রদান ও রেয়াতযোগ্য উপকরণ কর-এর পরিমাণ ও এতদসংশ্লিষ্ট তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে এবং [৫][ট্রেজারি চালানের মাধ্যমে [৬][*] ট্রেজারিতে] সময় সময় এমন পরিমাণ অর্থ জমা প্রদান করিতে হইবে যাহাতে যেকোনো সময় উক্ত জমাকৃত অর্থের এবং প্রদত্ত উপকরণ কর বাবদ প্রাপ্য রেয়াতের সমষ্টির দ্বারা প্রদেয় উৎপাদ কর পরিশোধ করা যায় [৭][;

উল্লিখিত পদ্ধতিতে অর্থ জমা প্রদানের বিপরীতে প্রাপ্ত মূল ট্রেজারি চালান [৮][উহা প্রাপ্তির প্রাপ্তির পরবর্তী [৯][তিন কার্যদিবসের] মধ্যে] নিবন্ধিত ব্যক্তি সংশ্লিষ্ট [১০][রাজস্ব কর্মকর্তার] দপ্তরে প্রেরণ করিবেন।]

[১][(ঙ) বিলুপ্ত] [২][(চ) বিলুপ্ত]

[১] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[২] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৩] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৪] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৫] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৬] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৭] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৮] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[৯] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[১০] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০

[৩][(১ক) উপ-বিধি (১) এ বর্ণিত হিসাবরক্ষণ সংক্রান্ত পুস্তকসমূহ উক্ত উপ-বিধিতে বিধৃত বিধান সত্ত্বেও, কোনো নিবন্ধিত ব্যক্তির আবেদনের ভিত্তিতে হিসাবের কম্পিউটার মুদ্রিত কপি সংরক্ষণের শর্তে ও [৪][কমিশনার] কর্তৃক নির্ধারিত অন্যকোনো শর্তে, [৫][কমিশনার] উক্ত ব্যক্তির পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা ব্যবসায়স্থল বা সেবা প্রদানের স্থানে উহার হিসাব কম্পিউটারের মাধ্যমে রক্ষণের অনুমতি প্রদান করিতে পারিবে।]

[৬][(১খ) চুক্তিভিত্তিক পণ্য উৎপাদনকারী একই প্রাঙ্গণে মূল্য সংযোজন কর আরোপযোগ্য অন্যকোনো পণ্য উৎপাদন করিলে তিনি চুক্তিভিত্তিক উৎপাদিত পণ্য এবং নিজস্ব উৎপাদিত পণ্যের জন্য আইনের বিধান অনুযায়ী পৃথক হিসাব সংরক্ষণ করিবেন।]

(২) যেকোনো নিবন্ধিত ব্যক্তিকে তৎকর্তৃক পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা সেবা প্রদানে ব্যবহৃত কাঁচামাল, সেবা, যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা তৎকর্তৃক পরিশোধিত কোনো বিল বা ট্রেজারিতে জমাকৃত কোনো অর্থের হিসাব বা প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য সংক্রান্ত হিসাব এমনভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে উহা সহজে নিরীক্ষা করা যায়।

[৭][(৩) উপ-বিধি (১), (১ক), (১খ) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, জাতীয় রাজস্ব বোর্ড, যেকোনো পণ্য বা পণ্যশ্রেণি বা সেবার হিসাব সংরক্ষণ, চালানপত্র ইস্যু ইত্যাদি ক্ষেত্রে [৮][ইলেকট্রনিক ক্যাশ রেজিস্টার বা কম্পিউটার বা অন্যকোনো ইলেকট্রনিক যন্ত্রপাতি বা সফটওয়্যার] ব্যবহারের জন্য আদেশ জারি করিতে পারিবে।]

**২৩। কর পরিশোধ।**— [৯][(১) যেকোনো নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে আইনের ধারা ৩ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ধারা ৩ ও ধারা ৭ অনুযায়ী প্রদেয় কর অথবা অন্য যেকোনো সরকারি পাওনা, যথাক্রমে বিধি ২২ এ বর্ণিত চলতি হিসাবে সমন্বয় এবং বিধি ২৪ এর উপ-বিধি (৩) এ বর্ণিত দাখিলপত্র পেশ করার পূর্বে সংশ্লিষ্ট কর মেয়াদে প্রদেয় উৎপাদ কর বা অন্য যেকোনো সরকারি পাওনা হইতে রেয়াতযোগ্য উপকরণ কর বাদ দিয়া নীট পরিমাণ অর্থ ট্রেজারিতে জমা প্রদানপূর্বক পরিশোধ করিতে হইবে।]

(২) যেকোনো পণ্যের চালান পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল [১০][বা ব্যবসায়স্থল] হইতে অপসারণের পূর্বে নিবন্ধিত ব্যক্তি উহার ক্ষেত্রে প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিবেন এবং পণ্য অপসারণকালে চলতি হিসাবে প্রয়োজনীয় সমন্বয় সাধনের মাধ্যমে কর পরিশোধ করিবেন এবং এই লক্ষ্যে তাহার চলতি হিসাবে প্রর্যাপ্ত জের থাকিতে হইবে [১১][:

[১] মূসক এসআরও নং-২৬৫, তারিখ: ০৮/০৬/২০০০
[২] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৩] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৪] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৫] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৬] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭
[৭] মূসক এসআরও নং-৪৮৩, তারিখ: ১৯/১১/২০০৭
[৮] মূসক এসআরও নং-৫৯৬, তারিখ: ০৯/০৬/২০১১
[৯] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[১০] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[১১] মূসক এসআরও নং-১৪০, তারিখ: ০৩/১১/১৯৯৬

তবে শর্ত থাকে যে, যে সরবরাহের ক্ষেত্রে ফরম “মূসক-১১ক” প্রযোজ্য হয়, সেক্ষেত্রে “করসহ মূল্য”-কে ৩/২৩ দ্বারা গুণ করিয়া প্রদেয় কর নির্ণয় করিতে হইবে এবং সম্পূর্ণ দিবসের সরবরাহ শেষে একবার চলতি হিসাব মূসক-১৮ সমন্বয় করিতে হইবে।]

[১][(৩) যে ক্ষেত্রে পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী কর্তৃক পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রদত্ত চালানপত্রে মূল্য সংযোজন করের পরিমাণ আলাদাভাবে প্রদর্শিত হইবে সে ক্ষেত্রে ধারা ৫-এর উপ-ধারা (২) বা উপ-ধারা (৪)-এ বর্ণিত মূল্য, মূল্য সংযোজন কর নিরূপণের মূল্যভিত্তি হিসেবে পরিগণিত হইবে।

(৪) যে ক্ষেত্রে পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী কর্তৃক পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রদত্ত চালানপত্রে মূল্য সংযোজন করের পরিমাণ আলাদাভাবে প্রদর্শিত হইবে না সে ক্ষেত্রে প্রাপ্য বা প্রাপ্ত মূল্য সংযোজন করের পরিমাণসহ সর্বমোট বিক্রয় মূল্য (Gross Sale) কে ১৫/১১৫ দ্বারা গুণনপূর্বক প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ নিরূপণ করিতে হইবে।]

**২৪। দাখিলপত্র পেশকরণ।**— (১) প্রত্যেক করযোগ্য [২][পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী] বা করযোগ্য সেবা প্রদানকারীকে প্রতিটি কর মেয়াদের জন্য [৩][ফরম] “মূসক-১৯” এ দাখিলপত্রের দুইটি অনুলিপি কর মেয়াদ পরবর্তী মাসের [৪][১৫(পনের) তারিখের] মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা দিতে হইবে [৫][:

[৬][তবে শর্ত থাকে যে, ১৫ (পনের) তারিখে সরকারি ছুটি থাকিলে অবশ্যই তৎপূর্ববর্তী কার্যদিবসে যথানিয়মে ফরম “মূসক-১৯” এ দাখিলপত্র জমা প্রদান করিতে হইবে।*]]

[তবে আরও শর্ত থাকে যে, কোনো বীমা কোম্পানি কর মেয়াদের পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে দাখিলপত্র জমা দিতে পারিবে;**]

[৭][(২) যে ব্যক্তি করযোগ্য পণ্য প্রস্তুত বা উৎপাদনপূর্বক সরবরাহ বা রপ্তানি করেন তাহাকে দাখিলপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথা:

(ক) চলতি হিসাবের মূল অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(খ) কমিশনার কর্তৃক দাবিকৃত অন্য যেকোনো দলিল।

(৩) যে ব্যক্তি করযোগ্য সেবা প্রদান বা রপ্তানি করেন তাহাকে দাখিলপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি প্রদান করিতে হইবে, যথা:

(ক) সংশ্লিষ্ট কর মেয়াদে প্রদেয় কর প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালানের মূল ও দ্বিতীয় অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(খ) কমিশনার কর্তৃক দাবিকৃত অন্য যেকোনো দলিল।]

[১] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[২] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[৩] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৪] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৫] মূসক এসআরও নং-২১২, তারিখ: ১০/০৬/১৯৯৯
[৬] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
* এখানে দাঁড়ির পরিবর্তে সেমিকোলন হওয়া বাঞ্ছনীয়
** এখানে সেমিকোলনের পরিবর্তে দাঁড়ি হওয়া বাঞ্ছনীয়
[৭] মূসক এসআরও নং-৪৭০, তারিখ: ২৭/০৭/২০০৭

**২৫। দাখিলপত্রের পরীক্ষা।**— [১][(১) বিধি ২৪ অনুযায়ী নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত দাখিলপত্রে উল্লিখিত তথ্যাদি এবং উহার সহিত সংযুক্ত দলিলাদি উক্ত প্রতিষ্ঠান সংশ্লিষ্ট রাজস্ব এলাকার দায়িত্বপ্রাপ্ত [২][সহকারী রাজস্ব কর্মকর্তা] এবং স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের [৩][রাজস্ব কর্মকর্তা] কর্তৃক পরীক্ষপূর্বক যথাযথ বলিয়া বিবেচিত হইলে [৪][, ধারা ৩৬ এর উপ-ধারা (৪) এ বিধান ক্ষুণ্ন না করিয়া] তাহারা উভয়ে আলাদাভাবে স্বীয় স্বাক্ষর ও সিলমোহর দ্বারা সেই মর্মে প্রত্যয়ন করিবেন এবং সংশ্লিষ্ট [৫][রাজস্ব কর্মকর্তা] উক্তরূপে প্রত্যয়নকৃত দাখিলপত্রের অনুলিপি [৬][অনূর্ধ্ব [৭][৩০ (ত্রিশ) দিনের মধ্যে] নিবন্ধিত ব্যক্তিকে ফেরত প্রদান করিবেন এবং মূল অনুলিপিটি কমিশনারের নিকট প্রেরণ করিবেন।]

(২) উপ-বিধি (১) এ বর্ণিত দাখিলপত্রের ভিত্তিতে [৮][কমিশনার] সংশ্লিষ্ট কর মেয়াদে দাখিলপত্র প্রদানকারী যথাযথভাবে প্রদেয় উৎপাদ কর প্রদান এবং উপকরণ কর রেয়াত গ্রহণ করিয়াছেন কিনা তৎসম্পর্কে নিশ্চিত হওয়ার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) যদি কোনো করযোগ্য পণ্য প্রস্তুতকারক বা উৎপাদক বা করযোগ্য সেবা প্রদানকারী তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা প্রদত্ত সেবা ১০০ শতাংশ রপ্তানি করেন অথবা আংশিকভাবে সরবরাহ বা প্রদান করেন, কিন্তু প্রতি কর মেয়াদে তৎকর্তৃক উপকরণের ওপর প্রদত্ত রেয়াতযোগ্য করের পরিমাণ উৎপাদ করের প্রদেয় পরিমাণ অপেক্ষা অধিক হয় তাহা হইলে, উক্ত প্রস্তুতকারক বা উৎপাদক বা সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত দাখিলপত্রের মূল অনুলিপিটি [৯][কমিশনার] [১০][অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে] প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, অতঃপর পরিদপ্তর বলিয়া উল্লিখিত, এ প্রেরণ করিবেন।

[১১][(৪) বিধি ২৪ অনুযায়ী দাখিলপত্র প্রদানে বাধ্য এমন কোনো নিবন্ধিত ব্যক্তি কোনো কর মেয়াদের দাখিলপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে যথাসময়ে দাখিল না করিলে সংশ্লিষ্ট রাজস্ব এলাকার দায়িত্বপ্রাপ্ত [১২][সহকারী রাজস্ব কর্মকর্তা] ধারা ৩৭-এর অধীন উক্ত নিবন্ধিত ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য দাখিলপত্র দাখিলের মেয়াদ উত্তীর্ণ হইবার সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট [১৩][রাজস্ব কর্মকর্তার] মাধ্যমে বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন।]

**২৬। চূড়ান্ত দাখিলপত্র প্রদান।**— বিধি ১৫ অনুযায়ী কোনো নিবন্ধিত ব্যক্তি তাহার নিবন্ধন বাতিলের জন্য আবেদন করিলে বিভাগীয় কর্মকর্তা উক্ত আবেদনকারীর মূল্য সংযোজন

[১] মূসক এসআরও নং-৩০৬, তারিখ: ০৭/০৬/২০০১
[২] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৩] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৪] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[৫] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৬] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৭] মূসক এসআরও নং-৪৮৯, তারিখ: ২৯/০৬/২০০৮
[৮] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৯] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[১০] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[১১] মূসক এসআরও নং-৩০৬, তারিখ: ০৭/০৬/২০০১
[১২] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[১৩] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০

কর বা সম্পূরক শুল্ক সম্পর্কিত কোনো অনিষ্পন্ন দায়দায়িত্ব থাকিলে উহা নির্ধারণপূর্বক আবেদনকারীকে [১][৩০ (ত্রিশ)] দিনের মধ্যে একটি চূড়ান্ত দাখিলপত্র প্রদানের নির্দেশ দিবেন।

[২][**২৭। রপ্তানি পদ্ধতি।**— (১) রপ্তানিতব্য পণ্যকে যে মোড়কে মোড়কজাত করা হয় উহার প্রতিটির ওপর অমোচনীয় কালিতে বৎসরওয়ারী একটি ক্রমিক সংখ্যা এবং রপ্তানিকারকের নাম ও অন্যকোনো মার্কা থাকিলে উহা উল্লেখ করিতে হইবে এবং প্রতিটি মোড়কের ওপর অমোচনীয় কালিতে "রপ্তানির জন্য" চিহ্ন সংবলিত সীলমোহর দ্বারা সীল করিতে হইবে।

(২) যদি কোনো রপ্তানিকারক তৎকর্তৃক রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা অন্যকোনো অনুমোদিত স্থানে সম্পন্ন করাইতে চাহেন তাহা হইলে তিনি এইমর্মে উক্ত রপ্তানিতব্য পণ্য রপ্তানি বন্দরে প্রেরণের জন্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা অন্যকোনো অনুমোদিত স্থান হইতে অপসারণের অন্যূন চব্বিশ ঘণ্টা পূর্বে ফরম "মূসক-২০"-এ আবেদনপত্রের চারটি অনুলিপি ও চালানপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিবেন এবং [৩][রাজস্ব কর্মকর্তা]-এর নির্দেশক্রমে তাহার অধীনস্থ কোনো কর্মকর্তা, পদ মর্যাদায় [৪][সহকারী রাজস্ব কর্মকর্তা] এর নিম্নে নহে, উক্তভাবে নির্দেশিত হওয়ার বারো ঘণ্টার মধ্যে রপ্তানিকারকের পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা অন্যকোনো অনুমোদিত স্থানে উপস্থিত হইয়া রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা সম্পন্ন করিবেন এবং পরীক্ষার জন্য উপস্থাপিত পণ্য আবেদনপত্রে বর্ণিত পণ্যের সহিত সম্পূর্ণ সাদৃশ্য বলিয়া সন্তুষ্ট হইলে উক্ত কর্মকর্তা প্রতিটি মোড়ক **"মূল্য সংযোজন কর বিভাগ কর্তৃক পরীক্ষিত"** চিহ্ন সংবলিত সীলমোহর দ্বারা সিল করিবেন এবং তিনি আবেদপত্রের চারটি অনুলিপিতে ও চালানপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপিতে **"পরীক্ষা সম্পন্ন হইয়াছে"** এই মর্মে উল্লেখ করিয়া তাহার স্বাক্ষর ও সীল প্রদানপূর্বক আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপি রপ্তানিকারকের নিকট ফেরত দিবেন এবং আবেদনপত্রের চতুর্থ অনুলিপি ও চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিয়া পণ্য রপ্তানি বন্দরে প্রেরণের অনুমতি প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী কোনো পণ্যের চালান রপ্তানি বন্দরে পৌছাইলে, শুল্ক কর্মকর্তা প্রয়োজনীয় পরিদর্শনের পর পণ্যের সীলমোহরযুক্ত মোড়ক অক্ষত দেখিলে রপ্তানির অনুমতি প্রদান করিবেন এবং আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপিতে **"রপ্তানি সম্পন্ন হইয়াছে"** এই মর্মে প্রত্যয়ন করিবেন।

(৪) সহকারী কমিশনার ও তদূর্ধ্ব পদমর্যাদার কোনো কর্মকর্তা, প্রয়োজনবোধে, উপ-বিধি (২) অনুযায়ী পরীক্ষিত পণ্য রপ্তানি বন্দরে পুনরায় পরীক্ষার আদেশ দিতে পারিবেন।

(৫) কোনো রপ্তানিকারক রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা রপ্তানি বন্দরে সম্পন্ন করাইতে চাহিলে তিনি রপ্তানিতব্য পণ্যচালানটি উপ-বিধি (১) মোতাবেক প্রস্তুত করিয়া উপ-বিধি (২) এ বর্ণিত আবেদনপত্রের চারটি অনুলিপি এবং চালানপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য

[১] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[২] মূসক এসআরও নং-২১২, তারিখ: ১০/০৬/১৯৯৯
[৩] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৪] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০

সংযোজন কর কার্যালয়ে দাখিল করিবেন। অতঃপর সংশ্লিষ্ট [১][রাজস্ব কর্মকর্তা]-এর নির্দেশক্রমে, তাহার অধীনস্থ কোনো কর্মকর্তা আবেদনপত্রের চারটি অনুলিপি এবং চালানপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপিতে **"পরীক্ষা রপ্তানি বন্দরে সম্পন্ন হইবে"** এই মর্মে উল্লেখ করিয়া তাহার স্বাক্ষর ও সীল প্রদানপূর্বক আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপি রপ্তানিকারকের নিকট ফেরত দিবেন এবং আবেদনপত্রের চতুর্থ অনুলিপি ও চালানপত্রের দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিয়া পণ্য রপ্তানি বন্দরে প্রেরণের অনুমতি প্রদান করিবেন।

(৬) উপ-বিধি (৫) এ বর্ণিত রপ্তানিতব্য পণ্য রপ্তানি বন্দরে পৌছাইলে রপ্তানিকারক উহা পরীক্ষার জন্য আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপি শুল্ক কর্মকর্তার সম্মুখে উপস্থাপন করিবেন এবং শুল্ক কর্মকর্তা পণ্য চালানটি যথাযথভাবে পরীক্ষার পর আবেদনপত্র ও চালানপত্রের বর্ণনা অনুযায়ী সঠিক পাইলে পণ্যচালানটি রপ্তানির অনুমতি প্রদান করিবেন এবং আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপিতে এবং চালানপত্রের মূল অনুলিপিতে **"রপ্তানি সম্পন্ন হইয়াছে"** এইমর্মে প্রত্যয়ন করিবেন।

(৭) উপ-বিধি (৩) ও (৬) অনুযায়ী রপ্তানি সম্পন্ন হওয়ার পর আবেদনপত্রের দ্বিতীয় অনুলিপিটি রপ্তানি বন্দরের শুল্ক স্টেশনে জমা রাখিতে হইবে। আবেদনপত্রের মূল ও তৃতীয় অনুলিপি ও চালানপত্রের মূল অনুলিপি রপ্তানিকারককে ফেরত প্রদান করিতে হইবে এবং রপ্তানিকারক উহা প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে তৃতীয় অনুলিপিটি সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিবেন।

(৮) ডাকযোগে পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি সম্পন্ন হওয়ার পর বৈদেশিক ডাকঘরের প্রধান ডাক কর্মকর্তা আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপিতে **"রপ্তানি সম্পন্ন হইয়াছে"** এইমর্মে প্রত্যয়ন করিয়া আবেদনপত্রের দ্বিতীয় অনুলিপিটি বৈদেশিক ডাকঘরের শুল্ক কর্মকর্তার নিকট হস্তান্তর করিবেন। আবেদনপত্রের মূল ও তৃতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপি রপ্তানিকারকের নিকট ফেরত দিবেন এবং রপ্তানিকারক উহা প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে তৃতীয় অনুলিপিটি সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিবেন।

[২](৯) উপ-বিধি (১) হইতে (৮) এ বিধৃত বিধানাবলি নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:

(ক) শতকরা একশত ভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিযোগ্য বা রপ্তানিকৃত পণ্য বা সেবা; এবং

(খ) মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত রপ্তানিযোগ্য বা রপ্তানিকৃত পণ্য ও সেবা।

(১০) এই বিধিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, উৎপাদক রপ্তানিকারক ব্যতীত অন্যান্য রপ্তানিকারক, ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে সংগৃহীত পণ্য বা সেবা রপ্তানির ক্ষেত্রে, রপ্তানি সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করিয়া সংশ্লিষ্ট পণ্য বা সেবা সরবরাহকারীর অঙ্গন (Premises)

[১] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[২] মূসক এসআরও নং-৪৮৮, তারিখ: ২৬/০৬/২০০৮

হইতে, মূল্য সংযোজন কর কর্মকর্তাকে অবহিত রাখিয়া, উক্ত পণ্য বা সেবা সরাসরি রপ্তানি বন্দরে প্রেরণ করিবেন।]

**২৮। রপ্তানির ক্ষেত্রে প্রত্যর্পণ।—** (১) যেকোনো নিবন্ধিত রপ্তানিকারক তৎকর্তৃক রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত উপকরণের ওপর প্রদত্ত কর [১][চলতি হিসাবে সমন্বয়ের মাধ্যমে রেয়াত গ্রহণে সক্ষম না হওয়ায় পরিদপ্তর হইতে] প্রত্যর্পণ হিসেবে গ্রহণ করিতে চাহিলে তাহাকে পরিদপ্তর কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে একটি ব্যাংক একাউন্ট খুলিতে হইবে।

(২) রপ্তানি প্রত্যর্পণ গ্রহণে "প্রতিষ্ঠিত রপ্তানিকারক"-এর সুবিধা ভোগ করিতে হইলে যেকোন রপ্তানিকারককে [২][ফরম] "মূসক-২১" এ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের মাধ্যমে পরিদপ্তরে আবেদন করিতে হইবে এবং উক্তরূপ আবেদনের সময় হইতে বারো মাস পূর্ব পর্যন্ত সময়কালে পরিদপ্তর সংশ্লিষ্ট রপ্তানিকারকের রপ্তানি কার্যক্রম সম্পর্কে সন্তুষ্ট হইলে তাহাকে একজন "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসেবে তালিকাভুক্ত করিবে।

**২৯। দাখিপত্রের ভিত্তিতে রপ্তানি প্রত্যর্পণ।—** (১) যে রপ্তানিকারক করযোগ্য পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে বা করযোগ্য সেবা প্রদানে নিয়োজিত এবং যাহার ক্ষেত্রে উৎপাদ কর প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে কিন্তু প্রতিটি করমেয়াদে রপ্তানি বাবদ রেয়াতযোগ্য কর প্রদেয় উৎপাদ কর অপেক্ষ অধিক হয়, তিনি এবং যে রপ্তানিকারক তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত করযোগ্য পণ্য বা প্রদত্ত করযোগ্য সেবা একশত শতাংশ রপ্তানি করেন কিন্তু উক্তরূপ পণ্য বা সেবা দেশে সরবরাহ বা প্রদান করিলে উৎপাদ কর প্রদানে বাধ্য হইবেন তিনি দাখিলপত্রের ভিত্তিতে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে পারিবেন।

(২) রপ্তানি প্রত্যর্পণ প্রদানের নিমিত্ত কোনো দাখিলপত্র [৩][কমিশনার] কর্তৃক পরিদপ্তরে প্রেরিত হইলে পরিদপ্তর দাখিলপত্রটিকে প্রত্যর্পণের আবেদনপত্র হিসেবে গণ্য করিবেন।

(৩) পরিদপ্তরের [৪][মহাপরিচালক], অতঃপর [৫][মহাপরিচালক] বলিয়া উল্লিখিত এর নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দাখিলপত্রটি যথাযথভাবে পরীক্ষা করিবেন এবং রপ্তানিকৃত পণ্যের বা সেবার, প্রযোজ্য ক্ষেত্রে, স্বাভাবিক উপকরণ-উৎপাদ সম্পর্ক বা পূর্বনির্ধারিত সহগ, যদি থাকে, বিবেচনায় রাখিয়া, এবং সংশ্লিষ্ট কর মেয়াদে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য সরবরাহ বা সেবা প্রদান করা হইয়া থাকিলে, উহার ক্ষেত্রে প্রদেয় উৎপাদ করের বিপরীতে গৃহীত কর রেয়াতের পরিমাণ, রপ্তানির প্রমাণ সংবলিত বিল অব এক্সপোর্ট ও বিল অব লেডিং-এর অনুলিপি পর্যালোচনা করিয়া উক্তরূপ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, তাহার সন্তুষ্টি সাপেক্ষে, তৎকর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ প্রত্যর্পণের জন্য [৬][মহাপরিচালকের] নিকট সুপারিশ করিবেন এবং উক্ত সুপারিশের ভিত্তিতে [৭][মহাপরিচালক] সুপারিশকৃত পরিমাণ অর্থ চেকের মাধ্যমে সংশ্লিষ্ট

[১] মূসক এসআরও নং-৩৫, তারিখ: ০১/১০/১৯৯১
[২] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৩] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৪] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৫] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৬] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৭] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩

রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং রেজিস্ট্রিকৃত ডাকযোগে তাহার নিকট এইমর্মে একটি অবগতিপত্র প্রেরণ করিবেন এবং [১][মহাপরিচালক] স্বতঃপ্রবৃত হইয়া বা সংশ্লিষ্ট রপ্তানিকারকের আবেদনক্রমে দাখিলপত্রটি পুনঃপরীক্ষার নির্দেশ দিতে পারিবেন।

(৪) "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসেবে তালিকাভুক্ত রপ্তানিকারকের ক্ষেত্রে [২][কমিশনারের] নিকট হইতে দাখিলপত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে প্রাথমিক নিরীক্ষার ভিত্তিতে নির্ণীত প্রত্যর্পণযোগ্য অর্থ [৩][মহাপরিচালক] রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদান করিতে হইবে এবং এই ক্ষেত্রে যেকোনো কর মেয়াদের প্রত্যর্পিত অর্থের পরিমাণ, উক্ত কর মেয়াদ পূর্ববর্তী বারো মাসের ভিত্তিতে নির্ণীত মাসিক গড় প্রত্যর্পণের পরিমাণের সহিত উহার বিশ শতাংশ পরিমাণ অর্থ যোগ করিলে মোট যে অংক নির্ণীত হয়, উহার অধিক হইবে না এবং প্রাথমিক নিরীক্ষার ভিত্তিতে নির্ণীত প্রত্যর্পণযোগ্য অর্থের পরিমাণে পরবর্তীতে কোনোরূপ তারতম্য পরিলক্ষিত হইলে উহা পরবর্তী দাখিলপত্রের মাধ্যমে সমন্বিত করিতে হইবে।

(৫) "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসেবে তালিকাভুক্ত নহেন এমন রপ্তানিকারকের ক্ষেত্রে [৪][কমিশনারের] নিকট হইতে দাখিলপত্র প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে উপ-বিধি (৩) এ বর্ণিত পরীক্ষা সমাপণপূর্বক প্রত্যর্পণযোগ্য অর্থ পরিদপ্তর কর্তৃক রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদান করিতে হইবে।

[৫][(৬) এই বিধির আওতায় প্রত্যর্পণ আবেদন পেশ করার পদ্ধতি সম্পর্কে যে বিধানই থাকুক না কেন, স্বল্পতম সময়ে ও দ্রুততার সহিত প্রত্যর্পণ সম্পর্কিত আবেদন নিষ্পত্তির লক্ষ্যে পরিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে ও প্রয়োজনীয় দলিলাদিসহ রপ্তানিকারকগণকে সরাসরি পরিদপ্তর কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিলের নিমিত্তে বোর্ড সাধারণ আদেশ জারি করিতে পারিবেন।]

**৩০। আবেদনপত্র দাখিলপূর্বক প্রত্যর্পণ গ্রহণ।—** (১) যে নিবন্ধিত ব্যক্তি—

(ক) বাণিজ্যিক ভিত্তিতে রপ্তানি করেন; বা

(খ) অব্যাহতিপ্রাপ্ত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনপূর্বক রপ্তানি করেন বা অব্যাহতিপ্রাপ্ত সেবা রপ্তানি করেন কিন্তু কোনো করযোগ্য পণ্য সরবরাহ করেন না বা করযোগ্য সেবা প্রদান করেন না; বা

(গ) যে ব্যক্তি [৬][আইনের] ধারা ১৬ অনুযায়ী নিবন্ধন হইতে অব্যাহতিপ্রাপ্ত তাহাকে, রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত উপকরণের ওপর প্রদত্ত কর প্রত্যর্পণ গ্রহণের জন্য রপ্তানি সম্পন্ন হওয়ার [৭][ছয়

[১] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[২] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৩] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৪] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৫] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৬] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৭] মূসক এসআরও নং-৯০, তারিখ: ০৯/০৬/১৯৯৪

মাসের] মধ্যে রপ্তানির প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট দলিলাদিসহ [১][ফরম] "মূসক-২২" এ [২][শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরে] আবেদনপত্র দাখিল করিতে হইবে।

[৩][(২) [৪][মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর], সরকারি গেজেটে প্রকাশিত প্রকাশিত আদেশ দ্বারা, সমহার (Flat Rate) ভিত্তিতে রপ্তানি পণ্যের ক্ষেত্রে প্রত্যর্পণযোগ্য করের হার নির্ধারণ করিতে পারিবে এবং কোনো রপ্তানিকারক [৫][মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর] কর্তৃক নির্ধারিত সমহারভিত্তিক প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে, তিনি সংশ্লিষ্ট পণ্য বা সেবা প্রথমবার রপ্তানির পর উপ-বিধি (১)-এ বর্ণিত আবেদনপত্রের সহিত, সম্ভাব্য ক্ষেত্রে, রপ্তানি বন্দরের শুল্ক কর্মকর্তা দ্বারা প্রমাণিকৃত নমুনাসহ ফরম "মূসক-২৩"-এ প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিবেন।]

[৬][(৩) বিলুপ্ত]

(৪) [৭][*] আবেদনপত্র প্রাপ্তির পর [৮][মহাপরিচালক] বিধি ২৯ এর উপ-বিধি (৪) বা, প্রযোজ্য ক্ষেত্রে, উপ-বিধি (৫) অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন এবং এই ক্ষেত্রে প্রাথমিক নিরীক্ষার ভিত্তিতে প্রত্যর্পিত পরিমাণে পরবর্তীতে কোনো তারতম্য ঘটিলে সংশ্লিষ্ট রপ্তানিকরকের পরবর্তী প্রত্যর্পণ আবেদনপত্রের বিপরীতে সমন্বিত করিতে হইবে।

(৫) পরবর্তীতে একই সমহারের ভিত্তিতে প্রত্যর্পণ গ্রহণের ক্ষেত্রে উপ-বিধি (২) এ বর্ণিত নমুনা দাখিল ও তথ্য সরবরাহ করা আবশ্যক হইবে না এবং প্রত্যর্পণ আবেদনকারী "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসেবে তালিকাভুক্ত হইলে বিধি ২৯ এর উপ-বিধি (৪)-এ বর্ণিত পদ্ধতিতে এবং উক্তরূপে তালিকাভুক্ত না হইলে [৯][*] আবেদনপত্র প্রাপ্তির পনের দিনের মধ্যে বিধি বিধি ২৯ এর উপ-বিধি (৩)-এ বর্ণিত পরীক্ষা সমাপণপূর্বক প্রত্যর্পণযোগ্য অর্থ পরিদপ্তর কর্তৃক রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদান করিতে হইবে।

(৬) কোনো রপ্তানিকারক কোনো রপ্তানিকৃত পণ্য বা সেবার ক্ষেত্রে চালান ভিত্তিতে প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহাকে [১০][ফরম] "মূসক-২৪"-এ প্রত্যর্পণের হার বা পরিমাণ নির্ধারণের জন্য আবেদনপত্র দাখিল করিতে হইবে এবং এই আবেদনপত্রের সহিত উপ-বিধি (১)-এ বর্ণিত পদ্ধতিতে প্রত্যর্পণের আবেদনপত্রও সংযুক্ত করিতে হইবে।

[১] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[২] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৩] মূসক এসআরও নং-৫০, তারিখ: ২১/০৪/১৯৯২
[৪] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৫] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৬] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৭] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৮] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৯] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[১০] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩

(৭) [১][*] উপ-বিধি (৬)-এ বর্ণিত আবেদনপত্রপ্রাপ্তির পর [২][মহাপরিচালক] প্রাথমিক পরীক্ষায় আবেদনপত্রটি যথাযথভাবে পূরণকৃত হইয়াছে বলিয়া সন্তুষ্ট হইলে আবেদনপত্র পরিদপ্তরে পৌঁছাইবার একুশ দিনের মধ্যে জরিপকার্য সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৮) আবেদনপত্র পরীক্ষার সুবিধার্থে [৩][মহাপরিচালক] তাহার বিবেচনায় প্রয়োজনীয় দলিলাদি তলব করিতে পারিবেন এবং রপ্তানিকারক উক্তরূপ তলবের পনের দিন অথবা [৪][মহাপরিচালক] কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে তলবকৃত দলিলাদি দাখিল করিতে ব্যর্থ হইলে [৫][মহাপরিচালক] প্রত্যর্পণের আবেদনপত্র প্রত্যাখান করিতে পারিবেন।

(৯) উপ-বিধি (৮)-এ বর্ণিত দলিলাদি প্রাপ্তির পনের দিনের মধ্যে [৬][মহাপরিচালক বা মহাপরিচালকের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা] সরেজমিনে জরিপকার্য সম্পন্ন করিবেন।

[৭][(১০) উপ-বিধি (৭) ও (৯)-এ বর্ণিত জরিপকার্য সম্পন্ন হওয়ার সাত দিনের মধ্যে পরিদপ্তর প্রত্যর্পণ মঞ্জুর করিয়া প্রত্যর্পণযোগ্য অর্থ চেকের মাধ্যমে রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদান করিবেন।]

(১১) সমহার ভিত্তিক কর প্রত্যর্পণ নির্ধারণ অথবা পুনঃনির্ধারণের উদ্দেশ্যে পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট পণ্যের প্রস্তুতকরণে বা উৎপাদনে বা সেবা প্রদানে (যদি প্রযোজ্য হয়) নিয়োজিত প্রতিষ্ঠান জরিপ করিতে পারিবেন এবং উক্ত প্রতিষ্ঠান জরিপকার্যে পরিদপ্তরের কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে।

(১২) যে ব্যক্তি স্বয়ং রপ্তানিযোগ্য পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে নিয়োজিত নহেন এবং কোনো প্রকৃত প্রস্তুতকারক বা উৎপাদকের নিকট হইতে কোনো পণ্য ক্রয়পূর্বক রপ্তানি করেন তাহার রপ্তানির ক্ষেত্রে প্রত্যর্পণ নির্ধারণের জন্য তাহাকে উপ-বিধি (২) বা, প্রযোজ্য ক্ষেত্রে, উপ-বিধি (৬)-এ বর্ণিত তথ্যসমূহ রপ্তানিকৃত পণ্যের প্রকৃত প্রস্তুতকারক বা উৎপাদকের নিকট হইতে নিজ দায়িত্বে সংগ্রহ করিয়া স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়কে সরবরাহ করিতে হইবে এবং তাহাকে প্রত্যর্পণ সংশ্লিষ্ট কার্যাবলি সম্পাদনে পরিদপ্তরের জরিপ কর্মকর্তাগণকে প্রকৃত পণ্য প্রস্তুতকারক বা উৎপাদকের নিকট হইতে সহযোগিতা প্রদান নিশ্চিত করিতে হইবে।

[৮][৩১। বিলুপ্ত]

[৯][৩১ক। **স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রায় পণ্য সরবরাহ বা সেবা প্রদান।**— [১০][(১) আর্ন্তজাতিক চুক্তি বা সমঝোতা স্মারকের আওতায় বাংলাদেশের অভ্যন্তরে কোনো স্থাপনা বা অবকাঠামো নির্মাণ, সুষমকরণ, সম্প্রসারণ, আধুনিকায়ন বা বাংলাদেশের কোনো জনগোষ্ঠীর মধ্যে কোনো পণ্য সরবরাহ বা সেবা প্রদানের অভিপ্রায়ে উপর্যুক্ত

[১] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[২] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৩] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৪] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৫] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৬] মূসক এসআরও নং-৫১১, তারিখ: ১১/০৬/২০০৯
[৭] মূসক এসআরও নং-৫০, তারিখ: ২১/০৪/১৯৯২
[৮] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[৯] মূসক এসআরও নং-৪৩৩, তারিখ: ২১/১০/২০০৪
[১০] মূসক এসআরও নং-৫৪৬, তারিখ: ০২/০৬/২০১০

কার্যাবলির সহযোগিতার লক্ষ্যে অনুদান বা ঋণ হিসেবে প্রদত্ত বৈদেশিক মুদ্রার বিনিময়ে প্রকল্প বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সংস্থা বা ব্যক্তি কর্তৃক বাংলাদেশে নিবন্ধিত কোনো উৎপাদক বা সেবা প্রদানকারীর নিকট হইতে স্থানীয় বা আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে কোনো পণ্য বা সেবা ক্রয় করা হইলে নিম্নবর্ণিত শর্তে উহা আইনের ধারা [১][৩] এর উপ-ধারা (২)(ক) এর অধীন রপ্তানিকৃত রপ্তানিকৃত বলিয়া গণ্য হইবে, যথা:

(ক) বাংলাদেশ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত অনুদান বা ঋণ সংক্রান্ত বিষয়ে দাতা সংস্থার আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা স্মারক থাকিতে হইবে;

(খ) স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রে উক্ত চুক্তি বা সমঝোতা স্মারকের রেফারেন্স উল্লেখপূর্বক স্থানীয়ভাবে সংগৃহীত পণ্য বা সেবা ব্যবহারের বিষয়টি উল্লেখ করিতে হইবে; এবং

(গ) দরপত্রের মাধ্যমে নির্বাচিত পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী সংশ্লিষ্ট আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা স্মারকের সত্যায়িত কপি, দরপত্র বিজ্ঞপ্তি ও সরবরাহ আদেশ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ক্রয় আদেশের কপিসহ স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।]

(২) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে আইনের ধারা ৩৫ অনুযায়ী দাখিলপত্র প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে তিনি তৎকর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাঁহার ক্ষেত্রে বিধি ২৯-এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৩) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে উপ-বিধি (২) এ বর্ণিত বাধ্যবাধকতা প্রযোজ্য নহে তিনি তৎকর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাঁহার ক্ষেত্রে বিধি ৩০-এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে দাখিলপত্র ও আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট দরপত্রের অনুলিপি, দরপত্র গ্রহণের প্রমাণপত্র, কার্যসম্পাদনের নির্দেশনামা এবং বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে।

**ব্যাখ্যা।**— এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্র" বলিতে বাংলাদেশে প্রকাশিত জাতীয় দৈনিক পত্রিকা বা বাংলাদেশের বাহিরে প্রকাশিত আন্তর্জাতিকমানের পত্রিকায় আহ্বানকৃত দরপত্র বিজ্ঞপ্তি (Tender Notice) কে বুঝাইবে।]

[২][**৩১খ।** বিলুপ্ত]

**৩২। অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে পণ্য সরবরাহ বা সেবা প্রদান।**— (১) কোনো নিবন্ধিত ব্যক্তি অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোনো প্রকৃত রপ্তানিকারককে কোনো পণ্য সরবরাহ বা সেবা প্রদান (যদি প্রযোজ্য হয়) করিলে উক্ত পণ্য বা সেবাকে [১][আইনের] ধারা ৩ এর এর উপ-ধারা (২) অনুযায়ী রপ্তানিকৃত বলিয়া গণ্য করা হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে [২][আইনের] ধারা ৩৫ অনুযায়ী দাখিলপত্র প্রদানের বাধ্যবাধকতা প্রযোজ্য হইলে তৎকর্তৃক অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোনো রপ্তানিকারককে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ বিধি ২৯ এর সংশ্লিষ্ট বিধানাবলি অনুযায়ী গ্রহণ করা যাইবে।

(৩) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে উপ-বিধি (২)-এ বর্ণিত বাধ্যবাধকতা প্রযোজ্য নহে তিনি তৎকর্তৃক অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহার ক্ষেত্রে বিধি ৩০ এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে দাখিলপত্র ও আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ব্যাক-টু-ব্যাক ঋণপত্র, রপ্তানি ঋণপত্রের অনুলিপি ও বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে।

[৩][(৫) এই বিধিতে বর্ণিত সুবিধাদি প্রাপ্তিকল্পে [৪][উৎপাদক প্রকৃত রপ্তানিকারকের] শুল্ক কর্তৃপক্ষ [৫][অথবা অন্যকোনো অনুমোদিত প্রতিষ্ঠান] কর্তৃক অনুমোদিত [৬][বন্ডেড ওয়্যারহাউস বা স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস] থাকিতে হইবে। অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে সরবরাহতব্য পণ্য সংক্রান্ত তথ্যাদি যথা: ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর ও তারিখ, প্রচ্ছন্ন রপ্তানিকারকের নাম ও ঠিকানা, পণ্যের বিবরণী এবং পরিমাণ ও আনুষঙ্গিক অন্যান্য তথ্য [৭][উৎপাদক প্রকৃত রপ্তানিকারকের] প্রকৃত রপ্তানিকারকের অনুকূলে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ অথবা অন্যকোনো অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) [৮][অথবা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি)] এ উল্লেখ থাকিতে হইবে এবং বিধি ২৯ এর অধীন প্রত্যর্পণ আবেদনের সহিত উক্ত ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) অথবা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) এর অনুলিপিও সংযুক্ত করিতে হইবে। প্রয়োজনীয় পরীক্ষান্তে প্রত্যর্পণ প্রদানের সাথে সাথে সংশ্লিষ্ট ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) [৯][অথবা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি)] এ উল্লিখিত তথ্যাদির যথার্থতা এবং সরবরাহকৃত পণ্যের [১০][উৎপাদক প্রকৃত রপ্তানিকারকের] পাশবই ও ওয়্যারহাউস রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে তথ্যাদি নিশ্চিত

[১] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[২] মূসক এসআরও নং-৫৪৬, তারিখ: ০২/০৬/২০১০

[১] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[২] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৩] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৪] মূসক এসআরও নং-৪৮৮, তারিখ: ২৬/০৬/২০০৮
[৫] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৬] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৭] মূসক এসআরও নং-৪৮৮, তারিখ: ২৬/০৬/২০০৮
[৮] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৯] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[১০] মূসক এসআরও নং-৪৮৮, তারিখ: ২৬/০৬/২০০৮

হওয়ার জন্য পরিদপ্তর কর্তৃপক্ষ [১][উৎপাদক প্রকৃত রপ্তানিকারকের] বন্ড নিয়ন্ত্রণকারী সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করিবেন।]

(৬) [২][উৎপাদক প্রকৃত রপ্তানিকারক] সংগৃহীত পণ্য দ্বারা প্রস্তুতকৃত পণ্যের সংরক্ষণ, রপ্তানি বা অন্যকোনো প্রকারে নিষ্পত্তির বিবরণীসংশ্লিষ্ট পাশ বহি, রেজিস্টার বা বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যান্য দলিলপত্রে লিপিবদ্ধ করিবেন এবং বন্ড কর্মকর্তা দ্বারা উহা প্রমাণীকৃত করাইবেন।

(৭) ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে সংগৃহীত পণ্য বা তদ্দ্বারা প্রস্তুতকৃত পণ্য রপ্তানি করিতে ব্যর্থ হইলে রপ্তানিকারক উক্ত সংগৃহীত পণ্য বাবদ প্রত্যর্পিত কর রপ্তানি ঋণপত্রের তামাদি তারিখ অথবা Customs Act, 1969 (IV of 1969) এর section 98 অনুযায়ী উক্ত পণ্য [৩][বন্ডেড ওয়্যারহাউস বা স্পেশাল বন্ডেড ওয়্যারসাউস] এ সংগৃহীত হওয়ার তারিখ হইতে দুই বৎসর অতিক্রান্ত হওয়ার তারিখ, যাহাই পূর্বে হউক, এর মধ্যে ফেরত প্রদানে বাধ্য থাকিবেন।

[৪][**৩২ক। পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে শূন্য করহার ও প্রত্যর্পণের সুবিধা।— সুবিধা।**— পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠান, অতঃপর উক্ত শিল্প প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, কর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবা নিম্নরূপ শর্তাধীনে আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এর অধীনে রপ্তানিকৃত বলিয়া গণ্য করা যাইবে, যথ:

(ক) উক্ত শিল্প প্রতিষ্ঠানকে ১০০% রপ্তানিমুখী বন্ডেড ওয়্যারহাউস বা স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের অনুকূলে পণ্য সরবরাহ বা সেবা প্রদান করিতে হইবে;

(খ) উক্ত শিল্প প্রতিষ্ঠানের সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার অনুকূলে ইউটিলাইজেশন পারমিশন বা ইউটিলাইজেশন ডিক্লারেশন থাকিতে হইবে এবং উহাতে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র কিংবা অভ্যন্তরীণ ঋণপত্রের নম্বর ও তারিখ, উক্ত শিল্প প্রতিষ্ঠানের নিকট হইতে পণ্য বা সেবা গ্রহণকারী ব্যক্তির মূসক নিবন্ধন নম্বর, নাম ও ঠিকানাসহ উক্ত ব্যক্তির অনুকূলে ইস্যুকৃত অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের নম্বর ও তারিখ উল্লেখ থাকিতে হইবে;

(গ) উক্ত ঋণপত্রসমূহ যে ব্যাংকের সেই ব্যাংক কর্তৃক সত্যায়িত ঋণপত্রের অনুলিপিসহ ইউটিলাইজেশন পারমিশন বা ইউটিলাইজেশন ডিক্লারেশনসমূহ উক্ত শিল্প প্রতিষ্ঠানের দখলে থাকিতে হইবে;

(ঘ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার বিপরীতে প্রদত্ত করের প্রত্যর্পণ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সহিত দফা (খ) ও (গ) তে উল্লিখিত দলিলাদিসহ বৈদেশিক মুদ্রা প্রাপ্তির সনদপত্র, নিবন্ধনপত্রের ছায়ালিপি, পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে ফরম "মূসক-১১"-এ প্রদত্ত চালানপত্র, সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণ আমদানির স্বপক্ষে বিল অব এন্ট্রির মূল কপি বা উপকরণের সরবরাহকারী কর্তৃক ফরম

[১] মূসক এসআরও নং-৪৮৮, তারিখ: ২৬/০৬/২০০৮
[২] মূসক এসআরও নং-৪৮৮, তারিখ: ২৬/০৬/২০০৮
[৩] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৪] মূসক এসআরও নং-১৯৫, তারিখ: ১৪/১২/১৯৯৮

"মূসক-১১"-এ প্রদত্ত চালানপত্র ও উপস্থাপিত দলিলপত্রাদির সত্যতা বিষয়ে পঞ্চাশ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে;

(ঙ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলযোগ্য মাসিক দাখিলপত্র ফরম "মূসক-১৯" এ এই বিধির আওতায় প্রাপ্ত সুবিধাদি সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করিতে হইবে এবং প্রতি জানুয়ারি ও জুলাই মাসে এতদসংক্রান্ত ষান্মাসিক বিবরণী স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে।]

**৩৩। ডাকযোগে রপ্তানির ক্ষেত্রে প্রত্যর্পণ।**— ডাকযোগে পণ্য রপ্তানিকারী কোনো নিবন্ধিত ব্যক্তি রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহাকে [১][ফরম] "মূসক-২৫"-এ প্রদত্ত তথ্যের ঘোষণাপত্রের দ্বিতীয় অনুলিপি বৈদেশিক ডাকঘরে নিয়োজিত শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণীকরণপূর্বক দাখিলপত্র বা, প্রযোজ্য ক্ষেত্রে, প্রত্যর্পণ আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

**৩৪। বিদেশগামী কোনো যানবাহনে বাংলাদেশের বাহিরে ভোগের জন্য সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রীর ক্ষেত্রে প্রত্যর্পণ।**— কোনো নিবন্ধিত ব্যক্তি কর্তৃক কোনো বিদেশগামী যানবাহনে বাংলাদেশের বাহিরে ভোগের জন্য সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রীকে রপ্তানিকৃত বলিয়া গণ্য করা হইবে এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি উক্তরূপে সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রীতে ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহাকে সংশ্লিষ্ট যানবাহন কর্তৃপক্ষের সহিত স্বাক্ষরিত চুক্তির অনুলিপি, ক্রয় আদেশ ও বাংলাদেশের পতাকাবাহী জাহাজ ও উড়োজাহাজ ব্যতীত অন্যান্য সকল বিদেশগামী যানবাহনের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশকৃত দাখিলপত্র বা, প্রযোজ্য ক্ষেত্রে, প্রত্যর্পণের আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

[২][**৩৪ক। [৩][ফেরত] (Refund) প্রদান।**— (১) আইনের ধারা ৬৭ অনুযায়ী অসাবধানতাবশত, ভুলবশত বা ভুল ব্যাখ্যার কারণে বা অন্যকোনো কারণে পরিশোধিত বা অধিক পরিশোধিত বলিয়া দাবিকৃত মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বা টার্নওভার করের [৪][ফেরত] দাবির ক্ষেত্রে আবেদনকারীকে উক্ত কর পরিশোধের [৫][ছয়] মাসের মধ্যে ফরম [৬][টিআর-৩১] এ তিন প্রস্তে একটি [৭][ফেরত] দাবি সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বা শুল্ক ভবনের কমিশনার বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে [৮][:

তবে শর্ত থাকে যে, যদি কোনো দাবি দাখিলের সময় তাৎক্ষণিকভাবে ফরম [৯][টিআর-৩১] পাওয়া না যায়, তাহা হইলে উক্ত ফরমের পরিবর্তে সাদা কাগজে আবেদনপত্র দাখিল করা

[১] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[২] মূসক এসআরও নং-১৫০, তারিখ: ১২/০৬/১৯৯৭
[৩] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৪] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৫] মূসক এসআরও নং-৩৪০, তারিখ: ০৬/০৬/২০০২
[৬] মূসক এসআরও নং-৩৮৬, তারিখ: ০১/০৭/২০০৩
[৭] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৮] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৯] মূসক এসআরও নং-৩৮৬, তারিখ: ০১/০৭/২০০৩

যাইবে এবং উক্তরূপে আবেদনপত্র দাখিলের পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনকারী কর্তৃক উক্ত ফরম যথাযথভাবে পূরণ ও দাখিলপূর্বক উহা নিয়মিতকরণ করিতে হইবে।]

[১][(২) বিভাগীয় কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন দাখিলকত ফেরত দাবির যথার্থতা সম্পর্কে এবং দাবিকৃত অর্থ প্রকৃতপক্ষে ট্রেজারিতে জমা হইয়াছে কিনা উহা যাচাই পূর্বক উহার সত্যতা সম্পর্কে নিশ্চিত হইয়া ফেরত দাবিটি অনুমোদন করিবেন, ফেরত অনুমোদনকারী কর্মকর্তা অতঃপর উক্ত ফেরত বিল প্রাক-নিরীক্ষার উদ্দেশ্যে কমিশনারের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন, প্রাক-নিরীক্ষায় বিলটি যথাযথ বিবেচিত হইলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উহা প্রতিস্বাক্ষরপূর্বক বিলের এক প্রস্ত অফিস রেকর্ডের জন্য সংরক্ষণ করিয়া এক প্রস্ত স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব বিবরণীতে ফেরত দাবিকৃত রাজস্ব প্রদর্শিত হইয়াছে সেই স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং এক প্রস্ত সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন, রাজস্ব কর্মকর্তা তাঁর দপ্তরের রাজস্ব বিবরণীতে ঋণাত্মক সমন্বয় করিয়া ফেরত বিলটি উক্ত রাজস্ব কর্মকর্তার এলাকা সংশ্লিষ্ট জেলার হিসাব রক্ষণ কর্মকর্তা বা প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, ফেরত দাবির আবেদনপত্র প্রাপ্তির ৯০(নব্বই) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবব;*

(২ক) আমদানি পর্যায়ে প্রদত্ত মূল্য সংযোজন কর ফেরত দাবির ক্ষেত্রে Customs Act, 1969 এর section 33 এবং তদধীন প্রণীত বিধান অনুসরণ করিতে হইবে।]

(৩) অনুমোদিত [২][ফেরত] বিলের যথাযথ হিসাব সংরক্ষণের উদ্দেশ্যে অনুমোদনকারী কর্মকর্তার অধীন সংশ্লিষ্ট শাখা এতদবিষয়ে একটি রেজিস্টার সংরক্ষণ করিবে।

[৩][(৪) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় পর্যায়ে যে ক্ষেত্রে ফেরত দাবিকৃত অর্থ সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক চলতি হিসাবে [৪][অথবা দাখিলপত্রে] সমন্বয়ের বিধান ও সুযোগ রহিয়াছে সেই ক্ষেত্রে উক্তরূপ ফেরত দাবি অনুমোদনযোগ্য হইবে না।]

(৫) এই বিধির অধীন [৫][ফেরত] কার্যক্রমের ক্ষেত্রে বাংলাদেশ ট্রেজারি রুলস এর সংশ্লিষ্ট বিধি প্রযোজ্য হইবে।]

[৬][**৩৪খ। সরকারের নিকট পাওনা সমন্বয়।**— [৭][(১) চলতি হিসাব সংরক্ষণের বাধ্যবাধকতা নাই এমন কোনো নিবন্ধিত ব্যক্তি কর্তৃক কোনো কর মেয়াদের দাখিলপত্রে সকল পাওনা সমন্বয়ের পরও তাহার নীট প্রদেয় কর ঋণাত্মক হইলে, তিনি অবশিষ্ট পাওনা পরবর্তী কর মেয়াদের প্রদেয় করের সাথে সমন্বয়ের সুযোগ পাইবেন।]

[১] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[২] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৩] মূসক এসআরও নং-৫৯৬, তারিখ: ০৯/০৬/২০১১
[৪] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৫] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩
[৬] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[৭] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
* এখানে সেমিকোলনের পরিবর্তে দাঁড়ি হওয়া বাঞ্ছনীয়

(২) উপ-বিধি (১) এর বিধান মতে পরবর্তী কর মেয়াদে প্রদেয় করের সাথে পূর্বে প্রদেয় কর সমন্বয় করার পরও যদি প্রদেয় কর ঋণাত্মক হয় তাহা হইলে তৎপরবর্তী কর মেয়াদসমূহে তাহা সমন্বয় করা যাইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর বিধান মতে পর পর ১২ (বার)টি কর মেয়াদে ঋণাত্মক কর সমন্বয় করিবার পরও প্রদেয় কর ঋণাত্মক হইলে করদাতা সঞ্চিত ঋণাত্মক কর নিম্নরূপভাবে সমন্বয় বা ফেরত গ্রহণ করিতে পারিবেন; যথা:-

(ক) অতিরিক্ত টাকার পরিমাণ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) এর কম হইলে তাহা ফেরত এর পরিবর্তে পরবর্তী কর মেয়াদে সমন্বিত হইতে থাকিবে;

(খ) সঞ্চিত ঋণাত্মক কর ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা তদূর্ধ্ব হইলে করদাতা নির্ধারিত ফরমে বিভাগীয় কর্মকর্তার নিকট ফেরত দাবি করিতে পারিবেন।

(৪) এই আইনের অধীন প্রাপ্ত তথ্য পর্যালোচনায় আবেদনকারীর নিকট সরকারের কোনো পাওনা নাই মর্মে নিশ্চিত হইয়া বিভাগীয় কর্মকর্তা ৬০ (ষাট) দিনের মধ্যে সুনির্দিষ্ট পরিমাণ অর্থ ফেরত প্রদানের জন্য কমিশনার বরাবরে সুপারিশ করিতে পারিবেন অথবা তাহার বিবেচনায় ফেরত প্রদান সম্ভব না হইলে তাহাও কমিশনারকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৫) কমিশনার সঞ্চিত ঋণাত্মক কর পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে আবেদনকারীকে ফেরত প্রদান করিবেন বা ফেরত প্রদান সম্ভব না হইলে তাহা আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।]

**৩৫। বাজেয়াপ্তিকরণ ও অর্থদণ্ড আরোপ।**— কোনো নিবন্ধিত ব্যক্তি এই বিধিমালার যেকোনো বিধান লঙ্ঘন করিলে, [১][*] সংশ্লিষ্ট পণ্য সরবরাহ বা সেবা প্রদানে ওপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের [২][অন্যূন অর্ধেক পরিমাণ এবং অনূর্ধ্ব সমপরিমাণ] পরিমাণ অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত লঙ্ঘন সম্পর্কিত পণ্য বা সেবা (প্রযোজ্য ক্ষেত্রে) সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে[৩][;

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কোনো রাজস্ব ফাঁকি হয় নাই সেক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) হাজার টাকা এবং অনূর্ধ্ব ১০(দশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবে।]

**৩৬। বাজেয়াপ্তকৃত পণ্য সরকারের ওপর বর্তাইবে।**— [৪][আইন] এই বিধিমালার অধীনে বাজেয়াপ্তকৃত পণ্য অবিলম্বে সরকারের ওপর বর্তাইবে এবং উক্তরূপ বাজেয়াপ্তি আদেশ প্রদানকারী কর্মকর্তা বাজেয়াপ্তকৃত পণ্য গ্রহণ করিবেন এবং দখলে লইবেন।

**৩৭। বাজেয়াপ্তকৃত পণ্যের ব্যবস্থাপনা।**— যে পণ্য বাজেয়াপ্ত হইয়াছে এবং যে পণ্যের ক্ষেত্রে বাজেয়াপ্তির পরিবর্তে জরিমানা প্রদানের সুযোগ উক্তরূপ বাজেয়াপ্তির তারিখ হইতে তিন

[১] মূসক এসআরও নং-২১২, তারিখ: ১০/০৬/১৯৯৯
[২] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৩] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৪] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩

মাসের মধ্যে গ্রহণ করা হয় নাই, সেই পণ্য প্রকাশ্য নিলাম বা দরপত্র গ্রহণের মাধ্যমে বিক্রয় বা বোর্ড কর্তৃক নির্দেশিত অন্যকোনো পন্থায় [১][কমিশনার] ব্যবস্থাপনা করিতে পারিবেন।

[২][৩৮। **আদেশ বা বিজ্ঞপ্তি বা ব্যাখ্যা বা পরিপত্র জারির ক্ষমতা**।— এই বিধিমালা হইতে উদ্ভূত যেকোনো বিষয়ে বোর্ড বা কমিশনার বা পরিদপ্তরের মহাপরিচালক সময় সময় স্ব স্ব এখতিয়ারভুক্ত বিষয় সম্পর্কে আদেশ বা বিজ্ঞপ্তি বা ব্যাখ্যা বা পরিপত্র জারি করিতে পারিবেন।]

[৩][৩৯। **পণ্য অপসারণের সময়সীমা**।— (১) করযোগ্য পণ্যের বিপরীতে যথাযথভাবে কর পরিশোধ ও চালানপত্র প্রদান সাপেক্ষে, নিবন্ধিত ব্যক্তি যেকোনো সময়ে তাহার প্রস্তুতকৃত বা [৪][উৎপাদিত বা সরবরাহযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা ব্যবসায়স্থল] হইতে অপসারণ করিতে পারিবেন। তবে পণ্যের প্রকৃতি, অপসারণ প্রক্রিয়া ও করদাতার অবয়ব (profile) বিবেচনাক্রমে, প্রয়োজনবোধে, [৫][কমিশনার], আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্তসাপেক্ষ, যেকোনো নিবন্ধিত ব্যক্তির প্রস্তুতকৃত বা উৎপাদিত যেকোনো পণ্য বা পণ্যশ্রেণির অপসারণের সময়ের ক্ষেত্রে বাধা-নিষেধ আরোপ করিতে পারিবেন।]

৪০। **অব্যবহৃত বা ব্যবহারের অনুপযোগী উপকরণের নিষ্পত্তিকরণ**।— (১) কোনো নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক ক্রীত মূল্য সংযোজন কর প্রদত্ত কোনো উপকরণ পরবর্তীতে ব্যবহারের অনুপযোগী বলিয়া মনে করিলে তিনি উহার নিষ্পত্তিকল্পে [৬][ফরম] "মূসক-২৬" এ এতদসংক্রান্ত একটি আবেদনপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিবেন।

(২) উপ-বিধি (১) অনুযায়ী অবহিত হওয়ার সাত দিনের মধ্যে [৭][রাজস্ব কর্মকর্তা] সরেজমিনে তদন্ত অনুষ্ঠানপূর্বক উপ-বিধি (১) এ বর্ণিত উপকরণ নিবন্ধিত ব্যক্তির ব্যবহারের অনুপযোগী বলিয়া সন্তুষ্ট হইলে তিনি উহা সরবরাহ বা বিনষ্টকরণের মাধ্যমে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদানের জন্য তাহার মতামতসহ আবেদনপত্রটি বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

[৮][(৩) উপ-বিধি (১) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনপত্র বিভাগীয় কর্মকর্তা তাহার সন্তুষ্টি সাপেক্ষে [৯][১৫(পনের) কার্যদিবসের] মধ্যে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদান করিবেন।]

(৪) উপ-বিধি (৩) এ প্রদত্ত নির্দেশ অনুযায়ী [১০][রাজস্ব কর্মকর্তা] নিবন্ধিত ব্যক্তিকে তৎকর্তৃক উপ-বিধি (১) এ বর্ণিত উপকরণ বাবদ গৃহীত রেয়াত বাতিল করিয়া চলতি হিসাব ও পরবর্তী দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধনের নির্দেশ প্রদান করিবেন।

৪১। **দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের নিষ্পত্তিকরণ**।— (১) কোনো নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত [১][বা সরবরাহের জন্য মজুদকৃত]

[১] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[২] মূসক এসআরও নং-১৭৫, তারিখ: ১১/০৬/১৯৯৮
[৩] মূসক এসআরও নং-৯০, তারিখ: ০৯/০৬/১৯৯৪
[৪] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[৫] মূসক এসআরও নং-১১৭, তারিখ: ১৫/০৬/১৯৯৫
[৬] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৭] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৮] মূসক এসআরও নং-৪০৮, তারিখ: ১০/০৬/২০০৪
[৯] মূসক এসআরও নং-৫৪৭, তারিখ: ১০/০৬/২০১০
[১০] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০

পণ্য কোনো দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত হওয়ার বা অন্যকোনো কারণে সরবরাহের অযোগ্য বলিয়া মনে করিলে তিনি উক্তরূপ সরবরাহের অযোগ্য পণ্যের নিষ্পত্তিকল্পে [২][ফরম] "মূসক-২৭" এ এতদসংক্রান্ত একটি আবেদনপত্র [৩][দুর্ঘটনার ক্ষেত্রে দুর্ঘটনা সংঘটিত হওয়ার বা অন্যকোনো কারণের ক্ষেত্রে বিষয়টি অবহিত হওয়ার] চব্বিশ ঘণ্টার মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিবেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনপত্র প্রাপ্তির তিন দিনের মধ্যে [৪][রাজস্ব কর্মকর্তা], সরেজমিনে তদন্ত অনুষ্ঠানপূর্বক উপ-বিধি (১) এ বর্ণিত দুর্ঘটনায় ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্য মূল্য ও উহার ক্ষেত্রে প্রদেয় উৎপাদ করের পরিমাণ নির্ণয় করিয়া ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্য বিনষ্টকরণ বা অন্য কোনোরূপে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদানের জন্য তাহার মতামতসহ আবেদনপত্রটি বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত পণ্য হ্রাসকৃত মূল্যে আংশিক বা সম্পূর্ণভাবে সরবরাহযোগ্য বিবেচিত হইলে [৫][রাজস্ব কর্মকর্তা] তাহার বিবেচনায় উক্তরূপ পণ্যের যথাযথ সরবরাহ মূল্য নির্ধারণপূর্বক বিভাগীয় কর্মকর্তার নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

[৬][(৪) বিভাগীয় কর্মকর্তা তাহার সন্তুষ্টি সাপেক্ষে, উপ-বিধি (২) এ বর্ণিত পণ্য ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরবরাহ বা বিনষ্টকরণ বা অন্যকোনো রূপে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদান করিবেন।]

(৫) বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে যথাযথ নির্দেশপ্রাপ্তির পর, [৭][রাজস্ব কর্মকর্তা]—

(ক) সম্পূর্ণভাবে ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্যের ক্ষেত্রে, উক্ত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণ বাবদ গৃহীত কর রেয়াত বাতিল করিয়া চলতি হিসাব ও পরবর্তী দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয়ের জন্য আবেদনকারীকে নির্দেশ প্রদান করিবেন; বা

(খ) দুর্ঘটনায় ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্যের ক্ষেত্রে, স্বাভাবিক মূল্য ও বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হ্রাসকৃত মূল্যের তারতম্যের ভিত্তিতে আনুপাতিক হারে উপকরণ কর রেয়াত বাতিল করিয়া চলতি হিসাবে ও পরবর্তী দাখিলপত্রে সমন্বয়ের নির্দেশ প্রদান করিবেন।

[৮][৪১ক। **বর্জ্য (ওয়েস্ট) বা উপজাত (বাইপ্রোডাক্ট) পণ্যের সরবরাহ ও নিষ্পত্তিকরণ**।— (১) কোনো নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের বর্জ্য বা উপজাত পণ্য সরবরাহযোগ্য বা সরবরাহ অযোগ্য হইলে উহা নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিবেন।

[১] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[২] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[৩] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬
[৪] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৫] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৬] মূসক এসআরও নং-৬৩৭, তারিখ: ০৭/০৬/২০১২; আনীত সংশোধনী ১ জুলাই, ২০১২ হতে কার্যকর হয়েছে।
[৭] মূসক এসআরও নং-৫৬৪, তারিখ: ৩০/০৬/২০১০
[৮] মূসক এসআরও নং-৩৭০, তারিখ: ১২/০৬/২০০৩

[1][(২) সরবরাহযোগ্য বর্জ্য বা উপজাত পণ্যের করযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে আইনের ধারা ৫ ও বিধি ৩ প্রযোজ্য হইবে।]

(৩) সরবরাহ অযোগ্য বর্জ্য বা উপজাত পণ্যের বাণিজ্যিক মূল্য না থাকার কারণে নিবন্ধিত ব্যক্তি উৎপাদনস্থলে কিংবা স্বাস্থ্যগত বা পরিবেশগত বা অবকাঠামোগত কারণে, যতদূর সম্ভব, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ আইন) বা উক্ত আইনের অধীন প্রণীত বিধিমালার বিধানাবলি অনুসরণক্রমে উৎপাদনস্থলের বাহিরে বিভাগীয় কর্মকর্তা বা তদকর্তৃক মনোনীত মূল্য সংযোজন কর কর্মকর্তার উপস্থিতিতে উক্তরূপ পণ্য সম্পূর্ণরূপে ধ্বংস বা বিনষ্ট করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো পণ্য ধ্বংস বা বিনষ্ট করা হইলে, বিভাগীয় কর্মকর্তা তৎসম্পর্কিত একটি প্রতিবেদন ধ্বংস বা বিনষ্টকরণের সাত দিনের মধ্যে কমিশনারের নিকট প্রেরণ করিবেন এবং নিবন্ধিত ব্যক্তি এ সংক্রান্ত দলিলাদি আইনের বিধান মোতাবেক সংরক্ষণ করিবেন।]

**৪২। এজেন্ট বা প্রতিনিধির কৃতকর্মের দায়দায়িত্ব নিবন্ধিত ব্যক্তি কর্তৃক গ্রহণ।—** কোনো নিবন্ধিত ব্যক্তি অন্যকোনো ব্যক্তিকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে [2][আইন] বা এই বিধিমালার অধীনের করণীয় কোনো কার্যসম্পাদনের কর্তৃত্ব প্রদান করিলে উক্ত ব্যক্তির কৃতকর্মের দায়দায়িত্ব নিবন্ধিত ব্যক্তির ওপরই বর্তাইবে।

[3][**৪৩। সরকারের পাওনা আদায় পদ্ধতি।—** (১) ধারা ৫৬-এ উল্লিখিত ব্যবস্থা গ্রহণের গ্রহণের পূর্বে সরকারি পাওনায় দায়বদ্ধ সংশ্লিষ্ট ব্যক্তিকে মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক অন্তত দুইবার লিখিতভাবে উক্ত পাওনা পরিশোধের জন্য অবহিত করিতে হইবে। প্রতিটি পত্রে কমপক্ষে সাত দিন করিয়া সময় দিতে হইবে। তাঁহার ব্যবসায় অঙ্গন তালাবদ্ধ, স্থাবর বা অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় বা বিনা ক্রোকে বিক্রয় করিতে হইলে তাহাকে কমপক্ষে দুই সপ্তাহের নোটিশ প্রদান এবং সংশ্লিষ্ট ব্যক্তি চাহিলে তাঁহাকে ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদান ব্যতীত তাহা করা যাইবে না।

(২) ধারা ৫৬-এ বর্ণিত মূল্য সংযোজন কর কর্মকর্তা উক্ত ধারায় উপ-ধারা (১) এর দফা (খ) এ উল্লিখিত সরকারি পাওনা আদায়ের জন্য ফরম "মূসক-২৮"-এ নোটিশ প্রদান এবং ব্যাংক একাউন্ট অপরিচালনাযোগ্য (Freeze) করার ক্ষেত্রে ফরম "মূসক-২৯"-এ ওয়ারেন্ট ইস্যু করিবেন।

(৩) উপ-বিধি (২)-এ উল্লিখিত মূল্য সংযোজন কর কর্মকর্তা ফরম "মূসক-২৮"-এ চার প্রস্ত নোটিশ প্রস্তুতপূর্বক মূল ও দ্বিতীয় কপি সরকারি পাওনায় দায়বদ্ধ ব্যক্তি বা ব্যাংক-এর নিকট, তৃতীয় কপি সংশ্লিষ্ট করদাতার নিকট প্রেরণ এবং চতুর্থ কপি তাঁহার নিজ দপ্তরে সংরক্ষণ করিবেন। যাহার নিকট নোটিশের মূল ও দ্বিতীয় কপি প্রেরিত হইবে তিনি মূল কপির প্রাপ্তি স্বীকারপূর্বক দ্বিতীয় কপিতে স্বাক্ষর প্রদান করিয়া তাহা সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ফেরত প্রদান করিবেন।

(৪) ফরম "মূসক-২৯" ইস্যু করার ক্ষেত্রে উপ-বিধি (৩)-এর অনুরূপ পদ্ধতি অনুসরণীয় হইবে।]

[1] মূসক এসআরও নং-৫৯৬, তারিখ: ০৯/০৬/২০১১
[2] মূসক এসআরও নং-৮৫, তারিখ: ০৬/১২/১৯৯৩
[3] মূসক এসআরও নং-১২৮, তারিখ: ২৮/০৭/১৯৯৬